The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 813 | 12 April 2024 | শুক্রবার ২৯ চৈত্র ১৪৩০




সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা–সম্পাদক
>> ৩০ ও ৩১ পাতায়



Trump poses unique challenges for jury
>> Page 24

Queens shooter opens fire on man
>> Page 25



Shakib to celebrate Eid in New York
>> Page 24



# নিউইয়র্কে বিপর্যয়ের মুখে অর্থনীতি

মনোয়ারুল ইসলাম

বিপর্যস্ত হয়ে পড়ছে নিউইয়র্কের অর্থনীতি। একেবারে তলানিতে চলে যাচ্ছে এই অঙ্গরাজ্যের অর্থনৈতিক ভবিষ্যৎ। এর প্রধান কারণ হিসেবে চিহ্নিত হয়েছে অত্যাধিক ট্যাক্সের চাপ, শ্রমখাতে ব্যয়, লাখ লাখ মানুষের নিউইয়র্ক ত্যাগ, আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি প্রভৃতি। গত মঙ্গলবার (৯ এপ্রিল) 'দি আমেরিকান লেজিসলেটিভ এক্সচেঞ্জ কাউন্সিল'-এর রিচ স্টেটস রিপোর্টে এ তথ্য প্রকাশ করা হয়েছে। তাদের তথ্য অনুযায়ী করোনা পরবর্তী সময়কালে ৫০টিরও বেশি কোম্পানি তাদের করপোরেট হেড অফিস নিউইয়র্ক সিটি থেকে সরিয়ে নিয়ে গেছে। এসব কোম্পানি থেকে প্রতি বছর বিলিয়ন বিলিয়ন ডলার আয়কর পেত নিউইয়র্ক সিটি।

আমেরিকায় পারসোনাল ও করপোরেট ট্যাক্স আদায়ে নিউইয়র্কের স্থান প্রায় সর্বোচ্চ। ৫০টি স্টেটের মধ্যে প্রপার্টি ট্যাক্স আদায়ে নিউইয়র্কের অবস্থান ৪৬তম ও সেলস ট্যাক্স আদায়ে ২৪তম। রিপোর্ট অনুসারে ঘন্টাপ্রতি ন্যূনতম ১৫ ডলার বেতন দেয়ার ক্ষেত্রে নিউইয়র্ক রয়েছে ৪৪তম স্থানে। সবচেয়ে বেশি প্রপার্টি ট্যাক্স আদায়ের এরপর ২৬ পৃষ্ঠায়




*নিউইয়র্কে জ্যামাইকা মুসলিম সেন্টারের আয়োজনে টমাস এডিসন হাইস্কুল মাঠে ঈদ জামাতে মুসল্লিদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন সিটির নির্বাচিত কর্মকর্তারা। খবর শেষ পাতায়। ছবি: আজকাল*

শুভ নববর্ষ

## বাংলা বর্ষবরণের উৎসব রোববার

বিশেষ প্রতিনিধি

দরজায় কড়া নাড়ছে পয়লা বৈশাখ। দুটি রাত পোহালেই নতুন আশার আলো নিয়ে হাজির হবে বাংলা নববর্ষ। বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গ-সহ বাঙালি জাতি-গোষ্ঠী অধ্যুষিত বিশ্বের বিভিন্ন দেশে এই দিনটি আনন্দ ও উল্লাসের সঙ্গে পালিত হয়। ইংরেজি এরপর ২৬ পৃষ্ঠায়

# রাশিয়ার পর টার্গেট আমেরিকা?

## সম্ভাব্য হামলা নিয়ে উদ্বিগ্ন এফবিআই

আজকাল রিপোর্ট

গত মাসে রাশিয়ার একটি কনসার্ট হলে হামলায় বহু মানুষকে হত্যার পর আমেরিকায় একটি সংগঠিত হামলার সম্ভাবনা নিয়ে উদ্বিগ্ন ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন। এফবিআইয়ের পরিচালক হাউস অফ রিপ্রেজেন্টেটিভসের একটি প্যানেলকে একথা জানিয়েছেন। বৃহস্পতিবার বাজেট শুনানিতে এফবিআইয়ের পরিচালক ক্রিস্টোফার রে আইনপ্রণেতাদের বলেন, 'আইন প্রয়োগকারী সংস্থায় আমার ক্যারিয়ারের দিকে ফিরে তাকালে, আমি এমন সময়ের কথা মনে করতে পারি না, যখন একই সময়ে আমাদের জননিরাপত্তা এবং জাতীয় নিরাপত্তার জন্য এত হুমকি ছিল। আজ এই হুমকির কারণেই আমি এখানে বসে আছি।'



*এফবিআই-এর ডিরেক্টর ক্রিস্টোফার রে*

গত ২২ মার্চ মস্কোর উপকণ্ঠে একটি কনসার্ট হলে এক হামলায় অন্তত ১৪৪ জন নিহত হয়, যা গত ২০ বছরের মধ্যে রাশিয়ায় সবচেয়ে প্রাণঘাতী হামলা। সন্ত্রাসী গোষ্ঠী ইসলামিক স্টেইটের একটি শাখা এই হামলার দায় স্বীকার করলেও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন কোনো এরপর ২৬ পৃষ্ঠায়



## ট্রাম্পের মুখোমুখি হচ্ছেন পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলস

আজকাল রিপোর্ট

সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলস ২০০৬ সালের জুলাইয়ে লেক টাহোতে একটি তারকা গলফ এরপর ২৬ পৃষ্ঠায়

### যুক্তরাষ্ট্রে জাপানের প্রেসিডেন্ট

## চীন ও রাশিয়ার বিরুদ্ধে নতুন অংশীদারিত্ব

আজকাল ডেস্ক

চীন ও রাশিয়াকে মোকাবিলা করার লক্ষ্যে সামরিক সহযোগিতার পরিকল্পনাসহ ক্ষেপণাস্ত্র থেকে চাঁদে অবতরণ পর্যন্ত নতুন বেশ কিছু প্রকল্পের উন্মোচন করেছেন প্রেসিডেন্ট জো বাইডেন এবং জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদা। গত বুধবার হোয়াইট হাউসে করা এক যৌথ সংবাদ সম্মেলনে নতুন প্রকল্পগুলোর কথা জানানো হয়। এদিন হোয়াইট হাউসে আড়ম্বরপূর্ণ এক রাজকীয় নৈশভোজে আলোচনার মাধ্যমে ইউএস স্টিলের জন্য নিপ্পন এরপর ২৬ পৃষ্ঠায়

### ইসরাইল স্টাইলের রাষ্ট্র গড়ে তোলার পরিকল্পনা

## কেন মাথাচাড়া দিল কেএনএফ?

মাসুদ করিম, *ঢাকা অফিস*

পাহাড়ে সম্প্রতি বেড়ে গেছে হত্যা, গুম, অপহরণ, গোলাগুলি। সংঘাতময় পরিস্থিতির চূড়ান্ত রূপ দেখা গেলো ঈদের আগে কয়েকটি ব্যাংক লুটের ঘটনার মাধ্যমে। পাহাড়ের বড় কোনও গ্রুপ নয়। কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ) নামের ছোট একটি সশস্ত্র গোষ্ঠী হঠাৎ এই ঘটনা ঘটালো। কেএনএফের তৎপরতার কথা গত কয়েক বছর যাবত শোনা গেলেও তারা



এত বড় দুঃসাহস দেখাবে সেটা ছিল কল্পনারও বাইরে। এ ঘটনায় সরকারের উচ্চ পর্যায় নড়েচড়ে উঠেছে। সেনাবাহিনীসহ বিভিন্ন নিরাপত্তা বাহিনী যৌথ কম্বিং অপারেশন শুরু করেছে। স্বরাষ্ট্রমন্ত্রী, সেনাবাহিনী প্রধানের মতো নিরাপত্তার শীর্ষ কর্তারা কেএনএফ অধ্যুষিত পাহাড়ি এলাকা সফর করেছেন। পাহাড় ফের অশান্ত হয়ে উঠলো কিনা এই চিন্তায় সবাই উদ্বিগ্ন। কেএনএফ হঠাৎ কেন মাথাচাড়া দিলো তা নিয়ে চলছে ॥ এরপর ২৬ পৃষ্ঠায়

## গাজায় ইসরাইলি হামলায় ২৪ ঘণ্টায় নিহত ৬৩

আজকাল ডেস্ক

গাজা উপত্যকায় ইসরাইলের হামলায় গত ২৪ ঘণ্টায় ৬৩ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এই ঘটনায় আহত হয়েছেন আরও ৪৫ জন। বৃহস্পতিবার (১১ এপ্রিল) গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে।

গত ৭ অক্টোবর থেকে গাজায় হামলা চালাচ্ছে ইসরাইল। এতে এখন পর্যন্ত মোট ৩৩ হাজার ৫৪৫ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন ৭৬ হাজার ৯৪ জন। উপত্যকাটির মধ্যাঞ্চলে নতুন করে হামলা শুরু করেছে ইসরাইল। এদিকে ঈদের দিন ফিলিস্তিনের গাজায় ইসরাইলের বিমান হামলায় হামাসের শীর্ষ নেতা এরপর ২৬ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717


MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055


এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law


CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections
Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com


KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO


BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন


রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।


কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com


MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার









আমরা নূতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

- ✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

## বিস্তারিত জানতে কল করুন

# 718-697-7717

E-mail : info@markshhc.com | www.markshhc.com

### Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville

217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester

504 W Main St
Rochester, NY 14608

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

সুব্রত বিশ্বাস -এর কলাম
গাজা যুদ্ধে বাইডেনের
দু'মুখো নীতি
০৫ পৃষ্ঠায়





ড. সৈয়দ আনোয়ার হোসেন-
এর কলাম পহেলা বৈশাখ :
অতীত থেকে বর্তমান
১১ পৃষ্ঠায়





একেএম শামসুদ্দিন-এর
কলাম কেএনএফের হামলা
কিসের ইঙ্গিত দিচ্ছে
০৫ পৃষ্ঠায়






# ঈদের দিন গাজায় বিমান হামলা ইসরায়েলের

## হামাস নেতা হানিয়ের তিন ছেলেসহ কয়েক নাতি-নাতনি নিহত

আজকাল ডেস্ক



পবিত্র ঈদের দিনেই গাজায় ইসরায়েলের বিমান হামলায় ফিলিস্তিনের স্বাধীনতাকামী গাজার শাসকগোষ্ঠী হামাসের নেতা ইসমাইল হানিয়ের তিন ছেলেসহ কয়েকজন নাতি-নাতনিও প্রাণ হারিয়েছে। তার নিহত তিন সন্তানের নাম- হাজেম, আমির ও মোহাম্মদ। আল-জাজিরাকে তিনি তার ছেলে ও নাতি-নাতনিদের এই মৃত্যুর খবর দিয়েছেন বলে জানিয়েছে বিবিসি। গাজার শাসকগোষ্ঠী হামাসের রাজনৈতিক শাখার প্রধান হানিয়ের পরিবার যে এবারই প্রথম ইসরায়েলি হামলার নিশানা হয়েছে তা নয়। গতবছর নভেম্বরেও হানিয়ের বাড়িতে জঙ্গি বিমান হামলা করার কথা জানিয়েছিল ইসরায়েলের সেনাবাহিনী।

আল-জাজিরা টিভিতে হানিয়ে বলেন, "আমার ছেলেদের রক্ত আমাদের জনগণের রক্তের চেয়ে বেশি প্রিয় নয়।" হানিয়ের ছেলেমেয়ের সংখ্যা ১৩ জন, জানা গেছে হামাস সূত্রে।

এর আগে গতবছর অক্টোবরে শেখ রাদোয়ানের বাড়িতে ইসরায়েলের বিমান হামলায় হানিয়ের পরিবারের ১৪ জন নিহত হওয়ার খবর পাওয়া গিয়েছিল।

আল-জাজিরার সঙ্গে বুধবারের সাক্ষাৎকারে হানিয়ে বলেছেন, ইসরায়েলের বিমান হামলায় তার পরিবারের ৬০ জন নিহত হয়েছে। হানিয়ের বাড়ি প্রায়ই সন্ত্রাসীদের সমাগমস্থল এবং বৈঠকখানা হিসাবে ব্যবহৃত হয়ে আসছে বলে অভিযোগ ছিল এরপর ৪৪ পৃষ্ঠায়




# ব্রিটেনের নোটে ছাপা হল রাজা চার্লসের ছবি

আজকাল ডেস্ক

এই প্রথমবার ব্রিটেনের নোটে ছাপা হলো রাজা তৃতীয় চার্লসের ছবি। নতুনভাবে প্রকাশিত এই নোট মঙ্গলবার তুলে দেওয়া হল রাজার হাতে। উল্লেখ্য, এই প্রথমবার ব্রিটেনের নোটে পাল্টানো হল দেশের শাসকের ছবি। ১৯৬০ সাল থেকে এই নোটে রানি দ্বিতীয় এলিজাবেথের ছবি ছিল। এবার থেকে রাজার ছবি থাকবে নোটে। ব্রিটেনের প্রথা অনুযায়ী, ব্যাঙ্ক কোনও নতুন নোট প্রকাশ করলে প্রথম নোটটি তুলে দেওয়া হয় দেশের রাজা বা রানির হাতে। মঙ্গলবার সেই প্রথামাফিক নতুন নোট গ্রহণ করেন চার্লস। ৫, ১০, ১৫, ২০ পাউন্ডের নোট দেওয়া হয় তাঁকে। আগামী ৫ জুন থেকে এরপর ৪৪ পৃষ্ঠায়

# মুন্সীগঞ্জে চাচা খুন, নিউইয়র্কে গ্রেপ্তার ভাতিজা

আজকাল রিপোর্ট



গ্রেপ্তার হওয়া জেনেট রোজারিও (৫২)

প্রায় তিন বছর আগে বাংলাদেশের মুন্সীগঞ্জে 'জমির বিরোধে' একজনকে হত্যার ঘটনায় অভিযুক্তকে নিউ ইয়র্ক থেকে পুলিশ গ্রেপ্তার করেছে। বাংলাদেশে গ্রামের একখণ্ড জমি নিয়ে চাচা-ভাতিজার মধ্যে বিরোধ চলছিল আগে থেকেই।

সম্প্রতি গ্রেপ্তার হওয়া জেনেট রোজারিওর (৫২) বিরুদ্ধে ২০২১ সালে তার চাচা মাইকেল রোজারিওকে (৭২) 'বন্দুকের গুলিতে হত্যার' অভিযোগ রয়েছে। নিউ ইয়র্কে ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই) জানান, চাচা-ভাতিজা উভয়েই ব্রঙ্কসে বাস করতেন। সম্পর্কে চাচা-ভাতিজা তারা দুজনই বাংলাদেশি-আমেরিকান। এ ঘটনায় নিউ ইয়র্ক ও লস অ্যাঞ্জেলেসের এফবিআই কর্মকর্তারা বাংলাদেশে গিয়ে বিস্তারিত খোঁজ-খবর নিয়ে এসেছেন। অভিযুক্ত জেনেট রোজারিওর গতিবিধি পর্যবেক্ষণের পর বাংলাদেশ কর্তৃপক্ষের সহযোগিতায় তাকে নিউ ইয়র্কে এনে গ্রেপ্তার দেখিয়ে সাউদার্ন ডিস্ট্রিক্ট ফেডারেল কোর্টে সোপর্দ করা হয়। এরপর ৪৫ পৃষ্ঠায়




# যুক্তরাষ্ট্রে ৮২ লাখ প্যাকেট ডিটারজেন্ট প্রত্যাহার

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের বাজার থেকে ৮২ লাখ টাইড, গেইন, এইস ও এরিয়েলের মতো বহুল ব্যবহৃত ব্র্যান্ডের ডিটারজেন্ট প্রত্যাহার করে নিয়েছে প্রক্টর অ্যান্ড গ্যাম্বল। এই বৈশ্বিক সংস্থাটি মূলত ত্রুটিপূর্ণ প্যাকেজিং থেকে সৃষ্টি হওয়া সমস্যার কারণে এ সিদ্ধান্ত নিয়েছে । বিষয়টি নিশ্চিত করেছে ইউএস কনজিউমার প্রডাক্ট সেফটি (সিপিএসসি) কমিশন। খবর সিএনএন।

প্রক্টর অ্যান্ড গ্যাম্বল পক্ষ থেকে সম্প্রতি কিছু অভিযোগে বলা হয়েছে, এরপর ৫৪ পৃষ্ঠায়

# জাপানের সহায়তায় টেক্সাসে বুলেট ট্রেন প্রকল্পে আগ্রহী যুক্তরাষ্ট্র

আজকাল ডেস্ক

জাপানের সহায়তায় টেক্সাসে বুলেট ট্রেন হতে যাচ্ছে। এ ব্যাপারে জাপানের প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ওয়াশিংটনে এ সপ্তাহের বৈঠকেই বিষয়টি নিয়ে আলোচনা করতে পারেন। সংশ্লিষ্ট কয়েকজন কর্মকর্তা একথা জানিয়েছেন। ওই কর্মকর্তাদের দুইজন বলেন, বৈঠক শেষে এ বিষয়ে যৌথ বিবৃতিও আসতে পারে। জাপানের বুলেট ট্রেন দিয়ে যুক্তরাষ্ট্রের টেক্সাসে প্রথম উচ্চ-গতির রেল নির্মাণ পরিকল্পনা বাস্তবায়নে আগ্রহী প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন।

বুধবার এ বৈঠক হওয়ার কথা রয়েছে। এর পরই দুই নেতা আনুষ্ঠানিকভাবে এ বিষয়ে ঘোষণা দিতে পারেন। গত ৯ বছরের মধ্যে এই প্রথম কোনও জাপানি প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন। দুই দেশের মধ্যে আরও নিবিড় অর্থনৈতিক সম্পর্ক ও নিরাপত্তার বহিঃপ্রকাশই এ সফরের লক্ষ্য।

দুই নেতার শীর্ষ বৈঠকের প্রস্তুতি সংশ্লিষ্ট তিন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেছেন, টেক্সাসের ডালাস থেকে হিউস্টন পর্যন্ত উচ্চগতির রেল প্রকল্প থাকবে বাইডেন ও কিশিদার বৈঠকের আলোচ্যসূচিতে।

তবে বাইডেন প্রশাসনের এক জ্যেষ্ঠ কর্মকর্তা বলেছেন, এ প্রকল্প এখনও সে পর্যায়ে যায়নি, যে পর্যায়ে গেলে দুই দেশের নেতা এরপর ৪৫ পৃষ্ঠায়



# বিজ্ঞানী পিটার হিগস মারা গেছেন

আজকাল ডেস্ক

'হিগস বোসন' কণার আবিষ্কারক ব্রিটিশ মহান বিজ্ঞানী পিটার হিগস মারা গেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৪ বছর। এডিনবার্গ বিশ্ববিদ্যালয় এক বিবৃতিতে জানায়, স্থানীয় সময় সোমবার তিনি মারা যান। বিবৃতিতে বলা হয়, 'পিটার হিগস ছিলেন সেই মহান বিজ্ঞানী, যার কল্পনা ও ভাবনা এরপর ৪৪ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▶ প্রাইভেট অকশনে বাড়ি
▶ পাবলিক অকশনে বাড়ি
▶ ব্যাংক মালিকানা বাড়ি
▶ শরট-সেল ও REO প্রপার্টি
কল করুনঃ
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com





Nurul Azim



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
IATA Accredited
Approved Travel Agent সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
AUTHORIZED e-file PROVIDER
ওমরাহ্
HAJ TOURS
মোঃ আব্দুল খালেক
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com



আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
গ্যারান্টি সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়





OneKey MLS
Fazle
SHOHAG KHAN
Licensed Real Estate Sales
Cell : 1- 917 770 1341
Office : 1- 516 800 5160
Email: shohag. khan@hotmail.com



OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531



US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
Authorized IRS e-file Provider
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate

# কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

Queens Social Adult Day Care Center Inc





Captain Mahfuzul Haque

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak**
Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208


এপ্রিল
১৩
২০২৪
সহস্র কণ্ঠে বর্ষবরণ:
সঙ্গীত পরিচালনায়
মহীতোষ তালুকদার তাপস
টাইমস্ স্কয়ার
বিকাল ৩টা থেকে রাত ১০ টা
Between 46th and
47th Street, Broadway,
New York.
IFIC
আইএফআইসি ব্যাংক পিএলসি
নিবেদিত
বাংলা বর্ষব
বাংলা সনের প্রবক্তা
মহামতি আকবর
"মহামতি আকবর"
Design By: Ihopeprint.com, 929-538-7903
বিশ্ব খ্যাত শিল্পী
পার্বতী দাস বাউল
SHA
ফোক সম্রাজ্ঞী
মমতাজ বেগম
FOR ADVERTISEMENT & STALL
347-656-5106, 917-660-5753,
347-429-5664, 929-733-1868
FOR REGISTRATION:
SMS REGISTER to 917-216-5995
website: nrbworldwide.org



নিউ ইয়র্ক টাইমস্ স্কয়ারে
সহস্র কণ্ঠে বিশ্ব বাঙালির
বরণ ১৪৩১
POWERED BY
GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
এপ্রিল
১৪
২০২৪
সহস্র কণ্ঠে বর্ষবরণ
ডাইভারসিটি প্লাজা
জ্যাকসন হাইটস্
সকাল ৮টা থেকে রাত ৯টা
আহ্বায়ক:
সৈয়দ হাসান ইমাম
টাইমস্ স্কয়ারে ১৩, ২০২৪ এপ্রিল দুপুর আড়াইটায়
মঙ্গল শোভাযাত্রা উদ্বোধন করবেন নিউইয়র্ক
সিটি মেয়র এরিক এডামস্
H MAHBUB
RANO NAWAZ
SHOSHI
ANIK RAJ
KALA MIAH
আয়োজনেঃ
NRB Worldwide
বিশ্বজিত সাহা ৩৪৭-৬৫৬-৫১০৬
তোফাজ্জল লিটন ৯২৯-৭২০-২১৮১
তানভীর কায়সার ৯১৭-৬৬০-৫৭৫৩
শিবলী সাদিক ৩৪৭-৪২৯-৫৬৬৪
হেলাল মিয়া ৯২৯-৭৩৩-১৮৬৮
MEDIA PARTNER & LIVESTREAMING
আজকাল TBN 24

বাংলাদেশ বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম জিন্দাবাদ



# কাউন্সিল ২০২৪
## সফল ও স্বার্থক হোক

**বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) নিউইয়র্ক মহানগর (উত্তর) যুক্তরাষ্ট্র**

## নির্বাচনের তারিখ: ২১ এপ্রিল ২০২৪ রবিবার

ভোট গ্রহণের স্থান: **LAGUUARDIA MARRIOTT HOTEL LOBBY**
**102-05 DITMARS BLVD. EAST ELMHURST, NY 11369**
**TEL: 718-565-8900**

## ভোট গ্রহণের সময়: দুপুর ১টা থেকে বিকাল ৫টা

**নির্বাচন ব্যবস্থাপনায়: নিউইয়র্ক মহানগর উত্তর বিএনপির দায়িত্বপ্রাপ্ত নির্বাচন কমিশন**

## নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রার্থী পরিচিতি


আহবাব হোসেন চৌধুরী খোকন
সভাপতি পদপ্রার্থী


ইমরান শাহ রন
সভাপতি পদপ্রার্থী


কাজী আমিনুল ইসলাম
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী


এ.জেড.এম.জাহাঙ্গীর হাসাইন
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী


রেদওয়ানা রাজ্জাক
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী


ফয়েজ আহমদ চৌধুরী
সাধারন সম্পাদক পদপ্রার্থী


সৈয়দ গৌছুল হোসেন
সাধারন সম্পাদক পদপ্রার্থী


কামরুল হাসান
সাধারন সম্পাদক পদপ্রার্থী


আনোয়ার জাহিদ
সিনিয়র যুগ্ম সম্পাদক পদপ্রার্থী



মোঃ সোলায়মান
সিনিয়র যুগ্ম সম্পাদক পদপ্রার্থী


মোহাম্মদ শাহীন চৌধুরী
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী



মোঃ আনোয়ারুল আলম ভূঁঞা
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী

## নির্বাচন কমিশন সদস্য পরিচিতি


ড. মোঃ নুরুল আমিন মিয়া পলাশ
প্রধান নির্বাচন কমিশনার
ফোন: ২১২-৪৭০-৬১৯৫


জাফর তালুকদার
নির্বাচন কমিশনার
ফোন: ৬৪৬-২২১-৯৯৪৯


মোহাম্মদ বাচ্চু মিয়া
নির্বাচন কমিশনার
ফোন: ৩৪৭-২০০-১২৯১



এ আর. মাহবুবুল হক
নির্বাচন কমিশনার
ফোন: ৮১৫-৮৬৪-৭৯৯১

প্রচারে: নির্বাচন কমিশন ২০২৪ । নিউইয়র্ক মহানগর উত্তর বিএনপি, যুক্তরাষ্ট্র

# পহেলা বৈশাখ : অতীত থেকে বর্তমান

মঙ্গল শোভাযাত্রা যখন শুরু হয়, তখন বাংলাদেশের বাঙালির ওপর জগদ্দল পাথরের মতো চেপে বসেছিল এরশাদের স্বৈরাচার। তার বিরুদ্ধে প্রতিবাদ হিসাবেই এ মঙ্গল শোভাযাত্রা শুরু হলো, অশুভর বিরুদ্ধে শুভ, অমঙ্গলের বিরুদ্ধে মঙ্গল, স্বৈরাচারের বিরুদ্ধে গণতন্ত্র, এ চেতনা নিয়ে। ২০১৬ সালের ৩০ নভেম্বর ইউনেস্কো এ মঙ্গল শোভাযাত্রাকে বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ করে নেয়। পহেলা বৈশাখ শুধু বাঙালির উদযাপনের দিন নয়, এটি অসাম্প্রদায়িক এবং ধর্মবর্ণনির্বিশেষে সবার জন্য উদযাপনের দিন; এর মধ্যে প্রতিবাদ আছে, আছে দ্রোহ ও চেতনাও

## ড. সৈয়দ আনোয়ার হোসেন



বাংলা নববর্ষে আমরা সাধারণত দুটি শব্দ ব্যবহার করে থাকি। একটাকে 'সন' বলি, আরেকটাকে 'সাল' বলি। 'সাল' হলো 'ফারসি' আর 'সন' হলো 'আরবি' শব্দ। বাংলা ভাষায় প্রচুর আরবি, ফারসি শব্দ আছে। বাংলাদেশ নামটিও বাংলা নয়; বাংলা এবং দেশ ফারসি শব্দ। বাংলা সন বা সাল প্রচলনের ক্ষেত্রে বেশ কয়েকটি অভিমত আছে। প্রথমত, তিব্বতি রাজা 'সংগ্রন' এ বাংলা সনের প্রবর্তক। এর যুক্তিটা হলো, প্রাচীনকালে বেশ কিছুদিন তিব্বতি রাজাদের অধীন ছিল বাংলা; বিশেষ করে উত্তর বাংলা। তিব্বত সেই সময় অনেক বড় সাম্রাজ্য ছিল। এমনকি অনেক ইতিহাসবিদ মনে করেন, তিব্বতি শব্দ 'বঙ' থেকে 'বাংলা' বা 'বাঙগালা' শব্দটি হয়েছে। 'বঙ' শব্দের অর্থ হলো 'ভেজা মাটির দেশ'। বাংলাদেশ নদী-নালার দেশ, তাই ভেজা মাটির দেশই বটে। আর একটি অভিমত হচ্ছে, বাংলা ভূখণ্ডের প্রথম স্বাধীন বাঙালি রাজ্য প্রতিষ্ঠা করেছিলেন শশাংক ৫৯৪ খ্রিষ্টাব্দে। শশাংককে বলা হয় তিনি 'শকাব্দ' চালু করেছিলেন। আবার অনেক সময় অনেক ইতিহাসবিদ বলেন, সুলতান আলাউদ্দিন হুসাইন শাহ, যিনি স্বাধীন বাংলার সুলতান ছিলেন ১৪৯৩ থেকে ১৫১৯, তিনি বাংলা 'সন' চালু করেন। সর্বশেষ অভিমতটি সম্রাট আকবর করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত ধোপে টিকেছে সম্রাট আকবর তত্ত্বটি। সম্রাট আকবর তত্ত্বটি সম্পর্কে ১৯৫৪ সালে ভারতে পঞ্জিকা সংস্কার কমিটির প্রধান বিজ্ঞানী ড. মেঘনাদ সাহা অঙ্ক কষে ফর্মুলা তৈরি করে প্রমাণ করেছেন আকবরই হচ্ছে বাংলা সনের প্রবর্তক এবং তার সপক্ষে মন্তব্য দিয়েছেন ওড়িশার প্রখ্যাত ইতিহাসবিদ কাশীপ্রসাদ জয়াসওয়াল এবং সর্বশেষ ড. অমর্ত্য সেন। আমরা মনে করি আকবরই এ বাংলা সন প্রবর্তন করেছেন। আকবর লক্ষ করলেন, বাংলাদেশে যারা চাষি তারা 'সৌর বছর' অনুসরণ করে ফসল বুনে এবং ফসল তোলে, কিন্তু আকবরের সময় প্রচলিত ছিল হিজরি সন, চান্দ্র সন। এতে ফসলের খাজনা আদায়ে সমস্যা হতো, সেজন্য আকবর তার নবরত্নের অন্যতম রত্ন আমির ফতেউল্লাহ্ সিরাজীকে অনুরোধ করেছিলেন, এর একটি সমাধান বের করতে। তার কারণ হলো, আমির ফতেউল্লাহ্ সিরাজী ছিলেন জ্যোতির্বিজ্ঞানী। আকবরের দরবারের ৯ জনই ছিল জ্ঞানে-পাণ্ডিত্যে রত্ন। তিনি হিসাব করে বের করলেন যে আকবর ১৫৫৬ সালে সিংহাসনে এসেছিলেন আর ওই বছরটি ছিল হিজরি সন ৯৬৩। তিনি ৯৬৩ সনকেই বাংলা প্রথম সন করে ফেললেন। আকবরের রাজত্বকালের ২৯তম বর্ষে ১৫৮৫ সালে এটি জারি করা হলো; কিন্তু এর কার্যকারিতা নির্ধারণ করা হলো ১৫৫৬ থেকেই। আকবর এটাকে 'ফসলি সন' নাম দিলেন। তিনি রাজস্ব আদায়ের সুবিধার জন্য এ সন চালু করেছিলেন। কিন্তু আমরা জানি যে সারা পৃথিবীতে প্রায় সব সম্প্রদায় তাদের বছরের প্রথম দিন উদযাপন করেন, সেই সুবাদে আমাদের মধ্যেও উদযাপন এসে গেল।



বাঙালির জীবনে পহেলা বৈশাখ উদযাপন সম্পর্কে যে ইতিহাস আছে তাতে দেখা যায়, মুর্শিদাবাদের নবাব মুর্শিদকুলি খাঁর সময় থেকেই এ উদযাপনটি শুরু হয়েছিল। তবে বাংলাদেশে উদযাপন শুরু হয় সেই সময়ের পাকিস্তান আমল থেকে। বাংলাদেশে ১৯৬১ সালে রবীন্দ্র জন্মশতবার্ষিকী পালনের বিরুদ্ধে পাকিস্তান সরকার ও পাকিস্তানপন্থি বাঙালি বুদ্ধিজীবীদের রোষানল ছিল, বেশ কঠিন অবস্থান ছিল। তার বিরুদ্ধে প্রতিবাদ করে বাঙালিরা রবীন্দ্রসংগীত সম্মেলন করেছিল ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে; সেই প্রতিবাদী ঘটনার প্রেক্ষাপটে জন্ম নিয়েছিল ছায়ানট; রবীন্দ্রসংগীতকে জনপ্রিয় করে তোলার উদ্দেশ্যে। ছায়ানট ১৯৬৪ থেকে বলদা গার্ডেনে প্রথম পহেলা বৈশাখ উদযাপন শুরু করে, কিন্তু প্রতিবছর জনসমাগম বাড়তে থাকে বলে বলদা গার্ডেনে আর স্থান সংকুলান হয় না। ১৯৬৭ থেকে রমনার বটমূলে বৃহত্তর পরিসরে বৈশাখ উদযাপন শুরু হয়। যদিও বলা হয়, বটমূল; কিন্তু ওটা অশ্বত্থ গাছ; লোকমুখে শুনতে শুনতে প্রচলিত হয়ে গেছে বটমূল। বিত্তবানরা আশির দশকের সূচনায় পান্তাভাত আর ইলিশ মাছ খাওয়া শুরু করেন। এটা আমি মনে করি আমাদের দরিদ্র জনগোষ্ঠী, যারা পান্তাভাত খেয়ে সকালে খেতে যান, কাজ করতে যান, তাদের সঙ্গে মশকরা করা হয়। আর তারা পান্তাভাত খান কাঁচা মরিচ ও পেঁয়াজ দিয়ে, এটি স্বাস্থ্যকর; পান্তাভাতের সঙ্গে ইলিশ চলে না, এটি অস্বাস্থ্যকর খাবার। কিন্তু আমাদের বিত্তবানের কাছে পহেলা বৈশাখের সংস্কৃতির অংশ হয়ে গেছে পান্তাভাত ও ইলিশ। ১৯৮৫ থেকে পহেলা বৈশাখ উদযাপন আরও বড় পরিসরে শুরু হলো। সেখানে দেখা গেল 'মঙ্গল শোভাযাত্রা' যুক্ত করলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের শিক্ষক, শিক্ষার্থী। সবাই মিলে বিভিন্ন ধরনের মুখোশ বানিয়ে শোভাযাত্রা শুরু করেন। মঙ্গল শোভাযাত্রা যখন শুরু হয়, তখন বাংলাদেশের বাঙালির ওপর জগদ্দল পাথরের মতো চেপে বসেছিল এরশাদের স্বৈরাচার। তার বিরুদ্ধে প্রতিবাদ হিসাবেই এ মঙ্গল শোভাযাত্রা শুরু হলো, অশুভর বিরুদ্ধে শুভ, অমঙ্গলের বিরুদ্ধে মঙ্গল, স্বৈরাচারের বিরুদ্ধে গণতন্ত্র, এ চেতনা নিয়ে। ২০১৬ সালের ৩০ নভেম্বর ইউনেস্কো এ মঙ্গল শোভাযাত্রাকে বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ করে নেয়। পহেলা বৈশাখ শুধু বাঙালির উদযাপনের দিন নয়, এটি অসাম্প্রদায়িক এবং ধর্মবর্ণনির্বিশেষে সবার জন্য উদযাপনের দিন; এর মধ্যে প্রতিবাদ আছে, আছে দ্রোহ ও চেতনাও।

লেখক: চেয়ার অধ্যাপক, বঙ্গবন্ধু শেখ মুজিব চেয়ার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)।

# নববর্ষের চেতনা

## সেলিম জাহান

'নববর্ষের চেতনা সম্পর্কে আপনি কী ভাবেন?', ইথার তরঙ্গে দূর থেকে ভেসে এলো সাক্ষাৎকার গ্রহণকারী সাংবাদিকটির কণ্ঠস্বর। কথা বলছিলাম ইউরোপের একটি বিখ্যাত বার্তা সংস্থার বাংলা বিভাগের প্রধানের সঙ্গে। আলোচনা হচ্ছিল বাংলা নববর্ষ ১৪৩১-এর ওপরে।

প্রশ্নটি শুনে একটু থমকালাম। সাধারণত এ সময়ে গতানুগতিকভাবে যে প্রশ্ন করা হয়, তা হচ্ছে, 'নববর্ষ উপলক্ষ্যে আপনার অনুভূতি কী'? কিন্তু যে প্রশ্নটি করা হয়েছে, তার পরিপ্রেক্ষিত ভিন্ন-এখানে নববর্ষের চেতনা বিষয়ে জানতে চাওয়া হয়েছে। ভাবনাগুলোকে একটু গুছিয়ে নিয়ে তাৎক্ষণিক একটা সংক্ষিপ্ত উত্তর দিলাম।


কিন্তু ভাবনাগুলো আমায় ছাড়ল না। একটু সময় নিয়ে, চিন্তা করে দেখলাম যে বাংলা নববর্ষের চেতনা আমার মনে পাঁচটি আঙ্গিকে দেখা দেয় : একটি উৎসবের দিক, একটি ঐতিহ্যের দিক, একটি আত্মসত্তার দিক, একটি সর্বজনীনতার দিক এবং একটি মানবতার দিক।

বাংলা নববর্ষের উৎসবের দিকটি তো চিরচেনা। ওই যে মেলা গ্রামে-গঞ্জে, নগরে-বন্দরে বিশাল মাঠে, পথের পাশের স্বল্প পরিসর স্থানে; ওই যে মাটির পুতুল, ঘোড়া, হাতি, বর-বউ, নাগরদোলা; ওই যে বাউল গান গ্রামের মেলায় আর রমনার বটমূলে ছায়ানটের আসর ঢাকা শহরে; ওই যে রঙিন পোশাকে সজ্জিত নর-নারী, বালক-বালিকা; ওই যে উচ্ছ্বসিত আর উৎফুল্লিত শিশুর দল-এসবই তো বাংলা নববর্ষের উৎসব। নানা রঙে আর ঢঙে এসব বাঙালিকে আমোদিত করে রাখে বছরের প্রথম দিনে।

বাংলা নববর্ষের ঐতিহ্যের দিকটিই বা ভুলি কী করে? বাঙালির চিরায়ত জীবন, জগৎ, সংস্কৃতি আর কৃষ্টির ওপর ভিত্তি করে গড়ে উঠেছে কিছু সনাতন ঐতিহ্য। গ্রামে একবারে প্রত্যুষে এক ডুবে পুকুরের এপাড় থেকে ওপাড়ে গিয়ে জলে ঝুঁকে পড়া আমগাছের দুটো আম ছিঁড়ে নিয়ে আসা যেমন এ ঐতিহ্যের অংশ, তেমনই মাটির বাড়ি আর উঠোন নিকিয়ে তাতে আলপনা আঁকাও এ ঐতিহ্যেরই একটা দিক। 'বছরের প্রথম দিনে সবাই মিলে ভালো-মন্দ খেলে বছরটা ভালো যাবে'-এ সরল বিশ্বাস যেমন এ ঐতিহ্যের ধারক, তেমনই ব্যবসার হালখাতা আর পিতলের ঘটিতে রাখা পাঁচটি আমপাতাও এ ঐতিহ্যেরই বাহক।

বাংলা বর্ষপঞ্জি আর বঙ্গাব্দ এ শুধু বাংলার আর বাঙালির। পৃথিবীর আর কোনো জাতিসত্তা এর অধিকার দাবি করতে পারে না। শুধু বাঙালিরাই আত্মমগ্ন হয়ে এ উৎসব উদযাপন করে-তা তারা দেশেই থাকুক, কিংবা বিদেশে। তাই তো দেশের সঙ্গে সঙ্গে দেখতে পাই দেশের বাইরেও পৃথিবীর আনাচে-কানাচে বাঙালি মাত্রেই উদ্বেলিত হচ্ছে বাংলা নববর্ষে। কেন এ আত্মমগ্নতা, কেন এ উদ্বেলতা? কারণ এর সঙ্গেই বাঙালি তার জাতিসত্তাকে সংযুক্ত করে, তার আত্মসত্তাকে খুঁজে পায়। বাংলা নববর্ষ তাই বাঙালির আত্মসত্তা আর জাতিসত্তার প্রতীক।

বাংলা নববর্ষের চেতনা তো সর্বজনীন। এ চেতনাকে বুকে ধারণ করেই তো বর্ণ, ধর্ম, দল, মত নির্বিশেষে আমরা সবাই এক কাতারে মিলিত হই। আমাদের বুকের মাঝে নিরন্তর অনুরণিত হতে থাকে 'বাংলার হিন্দু, বাংলার খ্রিষ্টান, বাংলার মুসলমান, আমরা সবাই বাঙালি।' সর্বজনীনতার সেই চেতনাই তো আমাদের উদ্বুদ্ধ করে সেই মন্ত্রে 'যুক্ত করো হে সবার সঙ্গে, মুক্ত করো হে বন্ধ।' নববর্ষের সর্বজনীনতাই আমাদের সবাইকে যুক্ত করে; আবার সে সর্বজনীনতাই আমাদের মুক্তও করে-মুক্তবুদ্ধি আর মুক্তচিন্তা নিয়ে আমরা সংযুক্ত হই সবার সঙ্গে।



এসব মিলিয়েই বাংলা নববর্ষের চেতনা 'বাঙালির' সঙ্গে সঙ্গে আমাদের 'মানুষ' পরিচয়টিকেও অগ্রগণ্য করে তোলে-আমরা নিজেদের চিহ্নিত করি বিশ্ব মানবতার অংশ হিসাবে। মানবতার সেই প্রেক্ষিত থেকে 'অন্তর মম বিকশিত করো'-এ মন্ত্রে দীক্ষিত হয়ে আমরা বলি, 'আমরা মানুষ-চূড়ান্ত বিচারে সেই আমাদের আদি এবং একমাত্র পরিচয়।' আজকের বাংলাদেশে নববর্ষের এসব চেতনা আর প্রাসঙ্গিকতা অপরিসীম। আমাদের সমাজে আজ মৌলবাদ বিপজ্জনকভাবে ক্রমবর্ধমান। আমাদের ভূখণ্ডের চিরায়ত সাম্প্রদায়িক সম্প্রীতি আজ অপসৃত প্রায়। আমাদের সনাতন মূল্যবোধ-যার কেন্দ্রবিন্দু সর্বজনীন মানবতা, তা আমরা দ্রুত বিস্মৃত হচ্ছি। আমাদের বাঙালি আত্মসত্তাকে ভুলিয়ে দিয়ে এক অনাবশ্যক বিভ্রান্তি সৃষ্টির প্রয়াসে তৎপর শত্রুরা। আমাদের মুক্তিযুদ্ধ আর স্বাধীনতার চেতনা কোথায় হারিয়ে যাচ্ছে। এসব কিছুকে প্রতিহত করে পুরো জাতিকে ঘুরে দাঁড়াতে নববর্ষের চেতনার বড় বেশি প্রয়োজন।

এ নববর্ষের প্রথম প্রভাতে যখন ১৪৩০ ধীরে ধীরে অপসৃত হবে, যখন পুবের আকাশ আলোর প্রভায় রঙিন হয়ে উঠবে, যখন নীলাকাশ আর শান্ত পৃথিবী উন্মুখ হয়ে থাকবে, তখন যেন নমিত হয়ে সবাই মিলে বলতে পারি, 'আমাদের মন সব হীনতা, সব দীনতা, সব গ্লানির ঊর্ধ্বে উঠে কলুষমুক্ত হোক, আগামী পৃথিবী সুন্দর আর উজ্জ্বল হোক, তৈরি হোক এক 'শান্তির পারাবার'। মঙ্গল হোক সবার। আজকে বাংলা নববর্ষের প্রথম প্রভাতে এটাই আমাদের সবার বাসনা, সবার কামনা, সবার সাধনা। চেতনার সিঁড়ি বেয়ে আমাদের পথচলা অক্ষয় হোক। জয়তু বাংলা নববর্ষ, ১৪৩১।

লেখক: অর্থনীতিবিদ; ভূতপূর্ব পরিচালক, মানব উন্নয়ন প্রতিবেদন দপ্তর এবং দারিদ্র্য দূরীকরণ বিভাগ, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি।




আমাদের মুক্তিযুদ্ধ আর স্বাধীনতার চেতনা কোথায় হারিয়ে যাচ্ছে। এসব কিছুকে প্রতিহত করে পুরো জাতিকে ঘুরে দাঁড়াতে নববর্ষের চেতনার বড় বেশি প্রয়োজন। এ নববর্ষের প্রথম প্রভাতে যখন ১৪৩০ ধীরে ধীরে অপসৃত হবে, যখন পুবের আকাশ আলোর প্রভায় রঙিন হয়ে উঠবে, যখন নীলাকাশ আর শান্ত পৃথিবী উন্মুখ হয়ে থাকবে, তখন যেন নমিত হয়ে সবাই মিলে বলতে পারি, 'আমাদের মন সব হীনতা, সব দীনতা, সব গ্লানির ঊর্ধ্বে উঠে কলুষমুক্ত হোক, আগামী পৃথিবী সুন্দর আর উজ্জ্বল হোক, তৈরি হোক এক 'শান্তির পারাবার'। মঙ্গল হোক সবার। আজকে বাংলা নববর্ষের প্রথম প্রভাতে এটাই আমাদের সবার বাসনা, সবার কামনা, সবার সাধনা। চেতনার সিঁড়ি বেয়ে আমাদের পথচলা অক্ষয় হোক। জয়তু বাংলা নববর্ষ, ১৪৩১

# সাম্প্রদায়িক সম্প্রীতির সোপান হতে পারে ঈদ

আমার বরাবরই মনে হয়েছে, ঐতিহাসিকভাবে প্রতিষ্ঠিত সাম্প্রদায়িক সম্প্রীতির পরিবেশ ধরে রাখতে পারলে এদেশের ধর্ম-বণিক রাজনীতিকদের অপতৎপরতা আর জঙ্গিবাদ কখনো শক্ত ভিত্তির ওপর দাঁড়াতে পারবে না। এ জন্য অনালোকিত জনগোষ্ঠীকে আলোতে আনতে হবে আবহমান বাঙালির অসাম্প্রদায়িক জীবনবোধকে সবার মধ্যে ছড়িয়ে দিয়ে। বিজ্ঞানমনস্কভাবে ধর্মচর্চা এবং বাঙালির হাজার বছরের সামাজিক-সাংস্কৃতিক ঐতিহ্যকে পাঠক্রমে যুক্ত করতে হবে। আর এ ঐতিহ্যের সৌন্দর্য সাধারণ্যে ছড়িয়ে দেওয়ার দায়িত্ব নিতে হবে মিডিয়াকে। আলোর প্রক্ষেপণ ছাড়া কি অন্ধকার দূরীভূত হয়?

## এ কে এম শাহনাওয়াজ



বছর ঘুরে ঈদ কড়া নাড়ছে দরজায়। এবার সাধারণ, বিশেষ করে স্বল্প আয়ের মানুষ খুব স্বস্তিতে নেই। যেখানে ঊর্ধ্বমূল্যের বাজারে সংসার নির্বাহ কঠিন সেখানে ঈদের বাড়তি আয়োজন কীভাবে করবে। তবুও এদেশের মানুষ ঘুরে দাঁড়াতে জানে। নদীভাঙন আর টর্নেডো-সিডরে সব হারিয়েও আবার বাঁচার সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে দৃঢ়তার সঙ্গে। এ কারণে আমরা জানি ঈদের আনন্দও তাদের পাশ কাটিয়ে যেতে পারবে না। যার যার সামর্থ্য নিয়ে মুসলিম সম্প্রদায়ের মানুষ ঈদ প্রস্তুতি প্রায় সম্পন্ন করেছে। যুগ যুগ এদেশে ঈদুল ফিতর উদযাপন বিশেষ মাত্রা পায়। মুসলমানের ধর্মীয় উৎসব হলেও অমুসলিম প্রতিবেশী বন্ধুও এ আনন্দ-বিচ্ছিন্ন হয় না। এদেশের সাধারণ মানুষের দীর্ঘকালীন অসাম্প্রদায়িক চেতনা ঈদ আবার নতুন করে ঝালিয়ে দেয়।

গত বছর দুজন হিন্দু বন্ধু পূজার সময় এসএমএস করে আমাকে 'শুভ বিজয়া' জানিয়েছিলেন। ঈদের দিন আমি আমার অনেক হিন্দু বন্ধুকেও 'ঈদ মুবারক' জানিয়েছি। ওরাও 'ঈদ মুবারক' জানিয়ে এসএমএস করেছে। এ ঘটনা খুব স্বাভাবিক। কিন্তু আমার কাছে একটু অন্যরকম লেগেছিল যখন আমার এক মুসলমান ছাত্রী পূজার সময় এসএমএস করে আমাকে 'শুভ বিজয়া' জানায়। এর মধ্য দিয়ে একটি শুভ ছায়া দেখতে পাচ্ছিলাম। ঈদ, পূজা, খ্রিষ্টানদের বড়দিন বা বৌদ্ধদের বৌদ্ধ পূর্ণিমা-যে কোনো পার্বণ উপলক্ষ্যে আমরা যদি ধর্ম-সম্প্রদায় নির্বিশেষে পরস্পরের জন্য শুভ কামনা করতে পারি, তাহলে তো জয় হবে মানবতারই।

সব ধর্ম-সম্প্রদায়ের আনন্দ যার যার সামাজিক ও ধর্মীয় বাস্তবতা থেকেই হয়ে থাকে। দুর্গাপূজায় হিন্দুরা যূথবদ্ধভাবে আনন্দ করে, মণ্ডপে মণ্ডপে দলবেঁধে সবাই যায়, একসঙ্গে আনন্দের বন্যা বইয়ে দেয়। মুসলমানদের ঈদ-আনন্দের ধরনটা আলাদা। মুসলমানদের ধর্মীয় সংস্কৃতিতে কোনো প্রতীকী স্থাপনা নেই। ফলে পার্থিব ও অপার্থিব আনন্দ ছড়িয়ে থাকে। তবুও অধুনা ঈদ আনন্দে অনেক রূপান্তর ঘটেছে। বিশেষ করে নাগরিক জীবনে। উনিশ শতকের ঢাকার ঈদ উৎসব এখনো টিকে থাকলে পূজার উৎসবের পাশাপাশি তুলনামূলক বিচার করা যেত। সে যুগে অনেক আনন্দঘন ঈদ উৎসব পালন করত ঢাকাবাসী। ঈদের দিন জমকালো আনন্দ মিছিল বের হতো। অবশ্য কয়েক বছর ধরে ঢাকায় ঈদ আনন্দ মিছিল হচ্ছে। উনিশ শতকে আর্মানিটোলা, ধূপখোলা বা রমনার মাঠে ঈদ উৎসবের অংশ হিসাবে কত্থক নাচের আয়োজন হতো। কোথাও হতো হিজড়া নাচ। ঘুড়ি ওড়ানো আর নৌকাবাইচের আয়োজন হতো। আর এসব অনুষ্ঠানে হিন্দু সম্প্রদায়ের মানুষও আনন্দ ভাগ করে নিত। আমাদের ছেলেবেলার কথা স্মরণে আনতে পারি। নারায়ণগঞ্জের বন্দরে অনেক হিন্দু পরিবারের বাস ছিল। তাদের উল্লেখযোগ্য অংশ বিভিন্ন পর্যায়ে ভারত চলে গেছেন। এসব বাড়িতে আমার বোনদের বান্ধবী অনেক দিদি ছিলেন। আদর-স্নেহ পেয়ে তাদের দূর সম্পর্কের মনে হয়নি। সবচেয়ে বড় কথা হলো, আমরা ছোটরা যেমন কর গুনে ঈদের অপেক্ষা করতাম, একইভাবে দুর্গাপূজা, লক্ষ্মীপূজা আর সরস্বতী পূজার জন্যও দিন গুনতাম। মণ্ডপে মণ্ডপে ঘুরে প্রতিমা দেখা, ঢাকির জাদুকরি হাতে মন মাতানো ঢাকের বাদ্যে মাতোয়ারা হওয়া আর প্রসাদ খাওয়ার লোভ তো ছিলই।

শুধু ঈদ নয়, মহররমের মিছিলেও ধর্ম-সম্প্রদায় নির্বিশেষে সবার অংশগ্রহণ ছিল। ইরাক-ইরানসহ অনেক আরব দেশে শিয়া-সুন্নির মধ্যকার দ্বন্দ্ব হানাহানির পর্যায়ে চলে যায়। এদিক থেকে বাংলাদেশের বাস্তবতা ভিন্ন। আঠারো শতক থেকে ঢাকায় মহররম পালিত হচ্ছে। শিয়াদের তাজিয়া মিছিলে সুন্নি মুসলমানের অংশগ্রহণ এদেশে স্বাভাবিকই ছিল। আঠারো-উনিশ শতকের নথিতে দেখা যায় একটি সাংস্কৃতিক প্রণোদনা নিয়ে হিন্দু সম্প্রদায়ের অনেকে শরিক হতো মহররমের মিছিলে। বিশ্বাস ছিল, কারবালার স্মৃতিতে দুলদুলের প্রতীক ঘোড়ার পায়ে দুধ ঢেলে মনোবাঞ্ছা করলে তা পূরণ হয়। অনেক হিন্দুও ইচ্ছা পূরণের আশায় দুলদুলের পায়ে দুধ ঢালত।

মুসলমান পিরের সমাধিতে হিন্দুর যাওয়া, প্রার্থনা করা এদেশে একটি সাধারণ চিত্র। গ্রাম-গঞ্জের নানা জায়গায় এখনো ভাদ্রের শেষ বৃহস্পতিবার নদীতে কলার ভেলায় রঙিন কাগজের ঘর বানিয়ে প্রদীপ জ্বালিয়ে ভাসানো হয়। এই 'ভেলা ভাসানো' উৎসবে হিন্দু-মুসলমান দুই সম্প্রদায়েরই স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ থাকে। সুন্দরবনের সঙ্গে জীবিকা জড়িয়ে আছে এমন মুসলমান বাওয়ালি, কাঠুরে বা জেলেরা বনের রক্ষাকর্ত্রী কল্পনায় বনবিবি আর ব্যাঘ্র পির গাজীর নাম জপ করে। অন্যদিকে হিন্দু বাওয়ালি, কাঠুরে ও জেলে একই অধিকর্ত্রী দেবী হিসাবে বনদুর্গা আর ব্যাঘ্র দেবতা হিসাবে নাম জপ করে দক্ষিণ রায়ের।

এসব বাস্তবতা এদেশের দীর্ঘকাল ধরে লালিত সাংস্কৃতিক সংমিশ্রণের মধ্য দিয়ে বেড়ে ওঠা সাম্প্রদায়িক সম্প্রীতির কথাই প্রকাশ করছে। সমাজ ইতিহাস ও পুরাতত্ত্বের ছাত্র হিসাবে আমি আমার লেখায় বহুবার বলার চেষ্টা করেছি যে, ইতিহাস-ঐতিহ্যের বাস্তবতাই বলে দিচ্ছে এদেশে ধর্মীয় সাম্প্রদায়িকতার অপচ্ছায়া খুব স্বচ্ছন্দে ডানা মেলতে পারবে না। এদেশের সাধারণ মানুষের মানসিক গড়ন সাম্প্রদায়িকতার ভেদবুদ্ধিকে সমর্থন করে না। তারপরও এ সত্য মানতে হবে যে, অন্ধকারের জীব, যারা ধর্মকে আধ্যাত্মিকতার গাম্ভীর্য আর সৌন্দর্যে না দেখে অর্থনৈতিক ও রাজনৈতিক সুবিধা লাভে হাতিয়ার হিসাবে ব্যবহার করতে চায়, তারা কিন্তু সাম্প্রদায়িকতার বিষ ছড়ানোর চেষ্টা করে। অন্য দল অতটা ঝুঁকে নয়, এরপর ২০ পৃষ্ঠায়



# ঈদ মানে আত্মার স্বাধীনতা ও মুক্তির আনন্দ

## শাঈখ মুহাম্মাদ উছমান গনী



'আল্লাহু আকবার, আল্লাহু আকবার: লা ইলাহা ইল্লাল্লাহু, আল্লাহু আকবার, আল্লাহু আকবার: ওয়া লিল্লাহিল হামদ।' ('আল্লাহ মহান, আল্লাহ মহান; আল্লাহ ছাড়া কোনো মাবুদ নাই, আল্লাহ মহান, আল্লাহ মহান; আর আল্লাহর জন্যই সকল প্রশংসা।') ঈদের প্রভাতে ঈদগাহমুখী মুসল্লিদের মুখে স্বগতোক্তির মতো এই ধ্বনি উচ্চারিত হয়। আল্লাহ পাকের একটা বড় ইবাদাত এক মাস রোজা পালন করার তৌফিক পেয়েছি বলে আমরা মহাখুশি; এর মধ্য দিয়ে আমরা তারই শোকর আদায় করে থাকি।

ঈদুল ফিতরের দুই রাকাত ওয়াজিব নামাজ আদায় করা। এ জন্যই ঈদের নামাজকে সলাতুশ শোকর বা কৃতজ্ঞতা প্রকাশের নামাজ বলা হয়।

মুমিন বান্দার আনন্দের বহিঃপ্রকাশ ইবাদতের মাধ্যমে। আমাদের আনন্দ-উৎসব সবই ইবাদাত। এতে ইহকালীন ও পরকালীন কল্যাণ রয়েছে। এ কারণে ঈদ পালন করতে

ঈদে ব্যক্তি, পরিবার ও সমাজের সব ক্ষেত্রে ইসলামি আদর্শ ও সুন্নত অনুসরণ করতে হবে। রাসুলে করিম (সা.) বলেন: 'রোজাদারের জন্য দুটি আনন্দের মুহূর্ত আছে। একটি হলো, যখন সে ইফতার করে; দ্বিতীয়টি হবে যখন সে তার মাবুদ আল্লাহর সঙ্গে সাক্ষাৎ করবে'

হবে আল্লাহর বিধান ও রাসুল (সা.)এর নির্দেশিত সুন্নত নিয়মের মাধ্যমে। ঈদে ব্যক্তি, পরিবার ও সমাজের সব ক্ষেত্রে ইসলামি আদর্শ ও সুন্নত অনুসরণ করতে হবে।

রাসুলে করিম (সা.) বলেন: 'রোজাদারের জন্য দুটি আনন্দের মুহূর্ত আছে। একটি হলো, যখন সে ইফতার করে; দ্বিতীয়টি হবে যখন সে তার মাবুদ আল্লাহর সঙ্গে সাক্ষাৎ করবে।' দীর্ঘ এক মাস রমজানের প্রশিক্ষণের পর ঈদের দিন পুরস্কার প্রদানের দিন। তাই ঈদের আনন্দ ছোট-বড়, ধনী-গরিব সবার জন্য সমান উপভোগ্য।

৬২৩ খ্রিষ্টাব্দে রবিউল আউয়াল মাসে নবুওয়াতের ১৩তম বছরে ৫৩ বছর বয়সে আল্লাহর হুকুমে সত্য ধর্ম ইসলাম প্রতিষ্ঠার জন্য মহানবী হজরত মুহাম্মদ (সা.) প্রিয় জন্মভূমি মক্কা ছেড়ে হিজরত করে মদিনা মুনাওয়ারায় চলে যান।

মদিনাবাসী শান্তিকামী নিরীহ জনগণ খাজরাজ বংশীয় পৌত্তলিক নেতা আবদুল্লাহ ইবনে উবায় ইবনে সালুলের জন্য নবনির্মিত স্বর্ণমুকুটটি নবীজি (সা.) এর পদপ্রান্তে উৎসর্গ করে। মানবতার বন্ধু গরিবের দরদি নবীজি (সা.) সে মুকুট মাথায় ধারণ না করে, তা বিক্রয় করে দুস্থদের মধ্যে বিলিয়ে দেন। এটি ছিল মদিনার হতদরিদ্র জনগণের প্রথম ঈদ-আনন্দ।

রাসুল (সা.) মদিনায় নানা ধর্ম, বর্ণ ও গোত্রের লোকদের নিয়ে একটি বহুজাতিক আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠা করেন। এই রাষ্ট্রের সংবিধান মদিনা সনদ নামে পরিচিত, যা পৃথিবীর প্রথম লিখিত সংবিধান। হিজরতের দ্বিতীয় বছর রোজা ফরজ হয়। রমজানের চাঁদ ওঠে। নবুওয়াতের বর্ষপূর্তি, কোরআন নাজিলের বর্ষপূর্তি; রহমত, মাগফিরাত ও নাজাত প্রাপ্তির আশায় ও তাকওয়া অর্জনে মুসলমানরা সবাই মশগুল। জান্নাতের দরজা খোলা, জাহান্নামের দরজা বন্ধ। সুশীলেরা আনন্দিত, অশীলেরা হতাশাগ্রস্ত। জিন-শয়তান শৃঙ্খলিত। কিন্তু মানুষ শয়তান ও নফসে আম্মারা শয়তান অপকর্মে লিপ্ত। মদিনায় মানবিক রাষ্ট্রের সহাবস্থান, শান্তি ও স্থিতিশীলতা খোদাদ্রোহী মানবতাবিরোধী শক্তি মেনে নিতে পারে না। তারা নবী করিম (সা)-এর পিছু ছাড়ল না। মুকুট হারানোর বেদনায় প্রতিহিংসাপরায়ণ হয়ে ওঠে মুনাফিক নেতা আবদুল্লাহ ইবনে উবায় ইবনে সালুল। তারই প্ররোচনায় মুনাফিক চক্রের ষড়যন্ত্রে ও মদিনার মৈত্রী চুক্তি ভঙ্গকারী কিছু ইহুদি ও খ্রিষ্টানদের গোপন মদদে মক্কার কুরাইশ পৌত্তলিকেরা হিজরতের দ্বিতীয় বর্ষে ৬২৪ খ্রিষ্টাব্দে রমাদান মাসেই মদিনা আক্রমণ করে।

দ্বিতীয় হিজরি সনের ১৭ রমাদান ইসলামের প্রথম যুদ্ধ ও প্রথম জয় বদরের বিজয়ের ১৩ দিন পর হিজরি দ্বিতীয় বর্ষের ১ শাউয়াল ঈদুল ফিতর বা রোজার ঈদ উদ্‌যাপিত হয়। একই বছর মদিনার ইহুদি সুদখোর মহাজন বনুকাইনুকা সম্প্রদায়কে পরাজিত করার পর দ্বিতীয় হিজরি সনের ১০ জিলহজ প্রথম ঈদুল আজহা বা কোরবানির ঈদ পালন করা হয়। অষ্টম হিজরি সনে ১৯ রমজান তারিখে ইসলামের শ্রেষ্ঠ বিজয়, মানবতার মহাজয় ও মক্কা বিজয় সংঘটিত হয়। সুতরাং শয়তানি শক্তির শৃঙ্খল থেকে মুক্তির আনন্দই প্রকৃত ঈদুআনন্দ।

লেখক: যুগ্ম মহাসচিব: বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি।



তারই প্ররোচনায় মুনাফিক চক্রের ষড়যন্ত্রে ও মদিনার মৈত্রী চুক্তি ভঙ্গকারী কিছু ইহুদি ও খ্রিষ্টানদের গোপন মদদে মক্কার কুরাইশ পৌত্তলিকেরা হিজরতের দ্বিতীয় বর্ষে ৬২৪ খ্রিষ্টাব্দে রমাদান মাসেই মদিনা আক্রমণ করে। দ্বিতীয় হিজরি সনের ১৭ রমাদান ইসলামের প্রথম যুদ্ধ ও প্রথম জয় বদরের বিজয়ের ১৩ দিন পর হিজরি দ্বিতীয় বর্ষের ১ শাউয়াল ঈদুল ফিতর বা রোজার ঈদ উদ্‌যাপিত হয়। একই বছর মদিনার ইহুদি সুদখোর মহাজন বনুকাইনুকা সম্প্রদায়কে পরাজিত করার পর দ্বিতীয় হিজরি সনের ১০ জিলহজ প্রথম ঈদুল আজহা বা কোরবানির ঈদ পালন করা হয়। অষ্টম হিজরি সনে ১৯ রমজান তারিখে ইসলামের শ্রেষ্ঠ বিজয়, মানবতার মহাজয় ও মক্কা বিজয় সংঘটিত হয়। সুতরাং শয়তানি শক্তির শৃঙ্খল থেকে মুক্তির আনন্দই প্রকৃত ঈদ-আনন্দ

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES
AmericanAirlines
Biman BANGLADESH AIRLINES
KUWAIT AIRWAYS
Emirates
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS

**প্যাকেজ বিবরণ**

বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ



Mohammad B Hossain (Belal)
President & CEO

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved



# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech
IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



# হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
Dl. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ
B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি




Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা




# আপনি কি বেশি দিন বাঁচতে চান?

অধ্যাপক ডা. মোহাম্মদ আবদুল হাই

ভূমধ্যসাগরের নীল জলরাশিতে বিচরণশীল একটি ছোট্ট জেলিফিশ বিজ্ঞানকে নাড়িয়ে দিয়েছে। জেলি ফিসটির বৈজ্ঞানিক নাম Turritopsis dohrmi। এ মাছটি মরণশীল নয় বরং চিরজীবী। ৫০০ মিলিয়ন বছরের তরুণ জেলিফিশের দেখাও মিলেছে। দেখা গেছে, উক্ত জেলিফিশটি যখনই আঘাতের সম্মুখীন হয় বা বিরূপ কোনো পরিবেশের সম্মুখীন হয়, তখনই তার শরীর-কোষ নিজেই নিজেকে পুনঃনির্মাণ করে বা পুনরায় নতুন করে গড়ে তুলে।

বিজ্ঞানীদের মনে প্রশ্ন জেগেছে, তাহলে অন্য প্রাণীর পক্ষেও কী এভাবে বেঁচে থাকা সম্ভব?

বিজ্ঞানীদের মধ্যে এখন এ নিয়ে দুটো ভাগ হয়ে গেছে। এক অংশ মনে করেন, অধুনা মলিকুলার সায়েন্স যেভাবে অগ্রসর হচ্ছে তাতে আগামী কয়েক দশকে এটা অর্জন সম্ভব। অন্যপক্ষ, এ ব্যাপারে মোটেই আশাবাদী নন।



তবে মানুষের অমর হওয়ার স্বপ্ন অনেক পুরনো। হাজার বছর ধরে আলকেমিরা মৃত সঞ্জীবনী সুধা উদ্ভাবনের চেষ্টা কম করেনি। বিজ্ঞানী নিউটনও একসময় আলকেমিদের দ্বারা প্রচণ্ডভাবে প্রভাবিত হয়েছিলেন। অমরত্বের স্বপ্ন মানুষের অধরাই রয়ে গেছে। সাধারণত আমাদের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে আমাদের কোষে পরিবর্তন আসে।

আমাদের ডিএনএ-তে এক ধরনের মিউটেশন বা গঠনগত পরিবর্তন হয়। শরীরের কোষগুলোর সাধারণ নিয়ম হচ্ছে প্রতিনিয়ত বিভক্ত হয়ে নতুন কোষের জন্ম দেয়া। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এ প্রক্রিয়া শ্লথ হয়ে যায়। কোষ যখন বিভক্ত হতে পারে না, তখন সে শক্তি হারিয়ে ফেলে, মেটাবলিজমের কারণে কোষের ভেতর নানা ধরনের বর্জ্য পদার্থের সৃষ্টি হয়। এতে করে ধীরে ধীরে কিছু কিছু কোষের মৃত্যু ঘটতে থাকে। অন্যদিকে সূক্ষ্ম রক্তনালীগুলোও ধীরে ধীরে আরও সংকুচিত হয়ে থাকে, এতে অনেক অঙ্গ-প্রত্যঙ্গই সঠিক ভাবে অক্সিজেন ও পুষ্টি পায় না। সংক্ষেপে এটিই বার্ধক্যজনিত শরীরের বায়োলজি।

কিছু কিছু বিজ্ঞানী, যেমন ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের গবেষক Aubrey De Grey মনে করেন, বার্ধক্যজনিত এসব সমস্যার সমাধান অসম্ভব নয়। আধুনিক টেকনোলজি প্রয়োগ করে ইতিমধ্যেই কোষের সংখ্যা বৃদ্ধি বা হ্রাস করা সম্ভবপর হয়েছে। কিছু আশাবাদী এবং ধনিক শ্রেণির মানুষ মনে করেন এরপর ৪৬ পৃষ্ঠায়



# দ্রুত মাথাব্যথা কমানোর ঘরোয়া উপায়

ডা. দিদারুল আহসান

মাথাব্যথায় ভোগেননি এমন লোক পাওয়া দুষ্কর। তীব্র মাথাব্যথা হলে যন্ত্রণাদায়ক পরিস্থিতি তৈরি হয়। তবে মাথাব্যথা কোনো রোগ নয়, একটি উপসর্গ মাত্র। সাধারণত ঘুমের পরিবর্তন বা কম ঘুম হওয়া, সময়মতো খাবার না খাওয়া, পানি কম খাওয়া, দুশ্চিন্তা বা মানসিক চাপ ইত্যাদি কারণে মাথাব্যথা হতে পারে। কিছু ঘরোয়া পদ্ধতি আছে, যা প্রয়োগ করলে মাথাব্যথায় খুব দ্রুত প্রতিকার মেলে।

**হাইড্রেট থাকুন:** ডিহাইড্রেশন বা পানিশূন্যতা মাথাব্যথার একটি সাধারণ কারণ। তাই নিশ্চিত করুন যে আপনি সারা দিন পর্যাপ্ত পানি পান করছেন কি না। মাথাব্যথা না কমলে এক বা দুই গ্লাস ঠান্ডা পানি পান করে নিন। এতে মাথাব্যথা দ্রুত কমে যায়।

**বিশ্রাম নিন :** মাথাব্যথা অনুভব করলে শান্ত, অন্ধকার কোনো ঘরে চোখ বুজে কিছুটা বিশ্রাম নেওয়ার চেষ্টা করুন। দেখবেন কিছুক্ষণের মধ্যেই মাথাব্যথা কমে গেছে।

**কোল্ড কম্প্রেস নিন :** আপনার কপাল বা মাথার সামনের অংশে কোল্ড কম্প্রেস নিন বা ঠান্ডাজাতীয় কিছু চেপে রাখুন। এতে মাথাব্যথা উপশম করতে যথেষ্ট সাহায্য করে।

**হিট থেরাপি নিন :** হিট থেরাপি নিন বা উষ্ণ কম্প্রেস ব্যবহার করুন। একটি পরিষ্কার কাপড় গরম পানিতে ভিজিয়ে তা চিপে চোখের ওপর ধরে রাখুন। ভালো হয় হালকা গরম পানিতে গোসল করে নিলে, বিশেষ করে টেনশনের কারণে মাথাব্যথা হলে এতে ভালো কাজ দেয়।

**পান করুন আদা চা :** আদা একটি প্রদাহনাশক মসলাজাতীয় খাবার। মাথাব্যথার সময় আদা চিবুলে বা আদা চা পান করলে মাথাব্যথা, এমনকি অন্যান্য ব্যথাও উপশম হয়।

**অ্যারোমাথেরাপি :** ল্যাভেন্ডার, পেপারমিন্ট, ইউক্যালিপটাস ইত্যাদির মতো প্রয়োজনীয় তেলগুলোর ব্যবহার মাথাব্যথা উপশম করতে বেশ সাহায্য করে। সম্ভব হলে এগুলো ব্যবহার করুন বা এসবের সুবাস আপনার আশপাশের বাতাসে ছড়িয়ে দিন।

লক্ষ করুন, আপনার মাথাব্যথা যদি গুরুতর হয় এবং দীর্ঘ সময় ধরে চলতে থাকে বা অন্যান্য উপসর্গের সঙ্গে মাথাব্যথা চলমান থাকে, তাহলে সঠিক রোগ নির্ণয় এবং চিকিৎসার জন্য বিলম্ব না করে একজন চিকিৎসকের সঙ্গে পরামর্শ করুন।

লেখক : ব্যবস্থাপনা পরিচালক, আল-রাজী হাসপাতাল।

# জমানো কাঁধের চিকিৎসা

ডা. জি.এম. জাহাঙ্গীর হোসেন



রোগী যখন নিজে বা চিকিৎসক রোগীর কাঁধের বিভিন্ন নড়াচড়া করাতে পারে না এবং কাঁধে সবসময় ব্যথা হয় তখন একে ফ্রোজেন শোল্ডার বা স্টিফ শোল্ডার বা জমানো কাঁধ বা এডহেসিব ক্যাপসুলাইটিস বলে। এডহেসিব ক্যাপসুলাইটিস একটি সেল্ফ লিমিটিং রোগ অর্থাৎ এটা আপনা আপনি ভালো হয়; তবে ৫ মাস থেকে ৯ মাস এমনকি ১৮ মাস সময় লাগে ভালো হতে। এই সময়ে যথোপোযুক্ত চিকিৎসা এবং ব্যায়াম না হলে জোড়া চিরস্থায়ীভাবে স্টিফ বা জমে যাওয়ার সম্ভাবনা থাকে। এই রোগে জয়েন্টের পর্দা বা ক্যাপসুলে প্রদাহ, সংকোচন ও স্কার টিস্যু হয়। জোড়ার হাড়গুলির মধ্যে এবং ক্যাপসুল ও ক্যাপসুলের বাহিরের টিস্যুর মধ্যে জমানো বন্ধন (এডহেসন) তৈরি হয়। এজন্য কাঁধ স্টিফ বা শক্ত হয় বা জমে যায়। আবার জোড়ার ফ্লুইড বা পানি শুকিয়ে যাওয়ার জন্যও জয়েন্ট স্টিফ হয় এবং মুভমেন্ট সীমিত হয়।

ফ্রোজেন শোল্ডার বা জমানো কাঁধ রোগী ৩টি অবস্থার মধ্যদিয়ে রোগকাল অতিক্রম করে। প্রথম অবস্থা বা ব্যথা অবস্থায়, কাঁধে ব্যথা হয় এবং নড়াচড়া সীমিত হয়। এই অবস্থা সাধারণত ৬-১২ সপ্তাহ থাকে।

মধ্য অবস্থা বা স্টিফ অবস্থায়, কাঁধ শক্ত বা স্টিফ হয় বা জমে যায়। ব্যথার তীব্রতা কিছুটা কম। স্টিফ বা জমানো অবস্থা ৪-৬ মাস থাকে।

শেষ অবস্থা বা রিকভারী অবস্থায়, স্টিফনেস আস্তে আস্তে কমে আসে এবং ব্যথা কমে যায়। এক বৎসরের অধিক সময় ধরে এই অবস্থা চলতে থাকে। এরপর ৪৯ পৃষ্ঠায়



# ভালো ঘুমের জন্য করনীয়

আজকাল স্বাস্থ্য ডেস্ক

রাত মানেই অনেকের কাছে বিশ্রামের সময়। অনেকের কাছে আবার রাত এক বিভীষিকার নাম। অনিদ্রা বা ইনসমনিয়ায় ভোগা মানুষদের কাছে রাত এক কৃষ্ণগহ্বর। যার শুরু আছে, শেষ নেই। সারা রাত এপাশ-ওপাশ করে কাটিয়ে দেন, দুই চোখের পাতা এক করতে পারেন না। ঘুমের এ সমস্যার একটা কারণ হতে পারে প্রতিদিনের খাদ্যাভ্যাস। জেনে নিন ভালো ঘুমের জন্য কী কী খাওয়া উচিত, আর কী কী নয়।

যা যা খাবেন:

**মিষ্টি আলু**

মিষ্টি আলুকে বলা হয় 'ঘুমের মাসি'। কারণ, এখানে আছে ম্যাগনেশিয়াম ও ফসফরাস, যা শরীরকে শান্ত করতে সহায়তা করে। রাতে ঘুমাতে যাওয়ার আগে স্নায়ু ও মাংসপেশি শান্ত হওয়া বেশ জরুরি, যা মিষ্টি আলু অবলীলায় করে থাকে।

**দুধ**

রাতে ঘুমানোর আগে এক গ্লাস দুধ হতে পারে বেশ উপকারী। দুধে থাকা অ্যামিনো অ্যাসিড 'ট্রিপটোফ্যান' ঘুমের জন্য বেশ উপকারী। এরপর ১৮ পৃষ্ঠায়

# পাকস্থলীর ক্যানসার প্রতিরোধে করণীয়

অধ্যাপক ডা. মো. সেতাবুর রহমান

পাকস্থলীর ক্যানসার খুবই জটিল একটি রোগ। এই ক্যানসারে আক্রান্ত রোগীকে প্রচণ্ড কষ্ট পেতে হয়। এর চিকিৎসাও প্রায়ই তেমন ফলপ্রসূ হয় না। খুব সাধারণ কিছু উপসর্গ ও লক্ষণ থাকে পাকস্থলীর ক্যানসারে, তাই রোগ ধরা পড়তে অনেক দেরি হয়ে যায়। তাই উপসর্গগুলো সম্পর্কে সবার ধারণা থাকা উচিত। পাকস্থলীর ক্যানসারে মৃত্যুঝুঁকি অনেক বেশি। তবে রোগটি প্রাথমিক পর্যায়ে নির্ণয় করা গেলে এবং অস্ত্রোপচারের মাধ্যমে ক্যানসার আক্রান্ত স্থান কেটে ফেলে দিলে রোগী সুস্থ হতে পারেন।



রোগের প্রাথমিক পর্যায়ে হজমক্রিয়ার গোলযোগ দেখা দেয়। খাবার খাওয়ার পর পেটে অস্বস্তিকর অনুভূতি হয়। বেশির ভাগ রোগী মনে করেন, গ্যাস্ট্রিক হয়েছে। কোনো কোনো ক্ষেত্রে গ্যাস্ট্রিকের ওষুধ খেয়ে সাময়িক আরাম অনুভব করেন। ফলে ক্যানসার পাকস্থলী থেকে অন্যান্য অংশে ছড়িয়ে পড়ার সুযোগ পায়।

**সন্দেহজনক উপসর্গ :** পেট ফাঁপা ও ফুলে থাকা, বমি, খাবার খাওয়ার পর খাদ্যনালীতে ও পেটে ব্যথা, অল্প খেলেই পেট ভরে যাওয়া, অরুচি ইত্যাদি। এর সঙ্গে যদি রক্তস্বল্পতা দেখা দেয়, ওজন কমে যায়, বমির সঙ্গে রক্ত কিংবা কালো পায়খানা হয়, তবে দ্রুত চিকিৎসকের কাছে যাওয়া উচিত। সাধারণত চল্লিশোর্ধ্ব বয়সে এই ক্যানসার বেশি হয়ে থাকে। নারীদের চেয়ে পুরুষরা বেশি আক্রান্ত হন।

**কেন হয় :** কারণগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে হেলিকোব্যাক্টর পাইলোরি নামক একধরনের জীবাণুর আক্রমণে পাকস্থলীর কোষের ক্রম পরিবর্তন; অত্যধিক লবণ আছে এমন খাবার খাওয়া; সংরক্ষিত টিনজাত খাবার খাওয়া; ধূমপান ও মদ্যপান ইত্যাদি। বংশগত কারণও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। চল্লিশোর্ধ্ব বয়সের পর যাঁদের হজমক্রিয়ার গোলযোগ হচ্ছে, তাঁদের এন্ডোস্কোপি করে প্রাথমিক অবস্থায় রোগ নির্ণয় করা জরুরি। আমাদের দেশে রোগীরা যখন চিকিৎসকের কাছে যান, তখন অধিকাংশ ক্ষেত্রেই ক্যানসার পাকস্থলীর বাইরে ছড়িয়ে পড়ে। বিশেষ করে যকৃতে বা পেটের অন্যান্য অংশে ছড়িয়ে গেলে চিকিৎসা করা দুরূহ হয়ে পড়ে। এ জন্য সাধারণ সমস্যা দেখা দিলেও নিজে নিজে দিনের পর দিন গ্যাস্ট্রিকের ওষুধ খেয়ে সময় নষ্ট করা উচিত নয়। চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।

**প্রতিরোধের উপায় :** পাকস্থলীর ক্যানসার প্রতিরোধে খাদ্যাভ্যাসে পরিবর্তন আনা জরুরি। নিয়মিত তাজা ও অর্গানিক শাকসবজি-ফলমূল খেতে হবে। প্রক্রিয়াজাত খাবার যথাসম্ভব এড়িয়ে চলতে হবে। ফসলে কীটনাশক ও রাসায়নিক সার ব্যবহার এরপর ২৮ পৃষ্ঠায়

Learn and Start a Career in Tech.

Earn $90k to $115k Annually.
Job Placement Assistance Available

**EAT**
**EXPERT AUTOMATION TEAM**

**646-321-7507 | 646-262-0268**
**info@expertautomationteam.com**
**www.ExpertAutomationTeam.com**

**QA Automation with Java Selenium**

**QA Automation with Python Selenium**

**QA Automation with Cypress JavaScript**

**QA Automation with API Testing**

**QA Automation with Performance Testing**

# DevTangle

Fullstack IT Solutions and Digital Marketing Agency

Do you have an online presence? Would having additional business revenue help?

Contact Us Today.

**646-321-7507**
**ask@devtangle.com**
**www.DevTangle.com**

**Custom Web Development**

**Custom Software Development**

**Mobile App Development**

**UI/UX Design**

**Tech Consulting and Strategy**

**Digital Marketing**



# রমজানের পর মুমিনের সাত করণীয়

আতাউর রহমান খসরু

বিদায় নিয়েছে মহিমান্বিত রমজান। রমজান মুমিনের জন্য প্রশিক্ষণকালের মতো। এ মাসে মুমিনরা নেক কাজের অনুশীলন করে, নেক কাজের পরিমাণ বাড়িয়ে দেয়। রমজানের পর মুমিনের করণীয় হলো এই আমলের ধারাবাহিকতা বজায় রাখা। কেননা আয়েশা (রা.) থেকে বর্ণিত, 'নবী (সা.) বলেছেন, মহান আল্লাহ ওই আমলকে ভালোবাসেন, যা নিয়মিত করা হয়, যদিও তা পরিমাণে কম হয়। তিনি (সা.) কোনো আমল করলে তা নিয়মিতভাবে করতেন।' (সুনানে আবি দাউদ, হাদিস : ১৩৬৮)

ইবাদতের সময়কাল মৃত্যু পর্যন্ত : কোনো সন্দেহ নেই রমজান ইবাদত, বন্দেগি ও পুণ্যার্জনের মাহেন্দ্রক্ষণ। তবে ইবাদত করার একমাত্র সময় নয়। মুমিন জীবনের কোনো সময়ই আল্লাহর ইবাদত থেকে বিমুখ হবে না। কেননা তার প্রতি আল্লাহর নির্দেশনা হলো, 'তুমি তোমার প্রতিপালকের ইবাদত কোরো মৃত্যু আসার আগ পর্যন্ত।' (সুরা : হিজর, আয়াত : ৯৯)

দৃঢ়তার পর শিথিলতা নিন্দনীয় : দ্বিনের ব্যাপারে দৃঢ়তা অর্জনের পর তাতে শিথিলতা প্রদর্শন করা কাম্য নয়। এটা নিজের শ্রম ও প্রচেষ্টাকে নিষ্ফল করে দেওয়ার শামিল। আল্লাহ মুমিনদের এমন কাজ থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছেন। ইরশাদ হয়েছে, 'তোমরা সেই নারীর মতো হইয়ো না, যে তাঁর সুতা মজবুত করে পাকানোর পর তার পাক খুলে নষ্ট করে দেয়।' (সুরা : নাহল, আয়াত : ৯২)। তাফসিরবিদরা বলেন, এ আয়াতে মহান আল্লাহ দ্বিনের ব্যাপারে অধঃপতনের নিন্দা করেছেন। বিশর হাফি (রহ.) বলেন, 'সেসব ব্যক্তি কতই না নিকৃষ্ট, যারা শুধু রমজানেই তাদের প্রভুকে চেনে।' (মাফাতিহুল আফকার : ২/২৮৩)



দ্বিনের ওপর দৃঢ় থাকতে সহায়ক আমল

রমজানে মুমিনের জীবনে যে পরিচ্ছন্নতা আসে তা ধরে রাখতে মনীষীরা কিছু আমল করার পরামর্শ দেন। তা হলো:

১. দোয়া করা : মুমিন রমজানের পরও একটি সুন্দর জীবনযাপনের জন্য আল্লাহর কাছে দোয়া করবে। আল্লাহর অনুগ্রহেই শুধু মুমিন বিভ্রান্তির হাত থেকে আত্মরক্ষা করতে পারে। পবিত্র কোরআনে মুমিনদের দোয়া শেখানো হয়েছে, 'হে আমাদের প্রতিপালক, সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্য লঙ্ঘনপ্রবণ করিয়ো না এবং তোমার কাছ থেকে আমাদের করুণা দান করো। নিশ্চয়ই তুমি মহাদাতা।' (সুরা : আলে ইমরান, আয়াত : ৮)

২. আল্লাহভীতির জীবন যাপন করা : দীর্ঘ এক মাস রোজা আদায়ের প্রধান উদ্দেশ্য তাকওয়া বা আল্লাহভীতি অর্জন করা। আল্লাহ বলেন, 'হে মুমিনরা, তোমাদের ওপর রোজা ফরজ করা হয়েছে, যেমন ফরজ করা হয়েছিল পূর্ববর্তীদের ওপর; যেন তোমরা তাকওয়া অর্জন করতে পারো।' (সুরা : বাকারা, আয়াত : ১৮৩)। সুতরাং রমজান-পরবর্তী জীবনে যদি আল্লাহর ভয় অন্তরে রেখে চলা যায়, তবে দীর্ঘ এক মাসের সিয়াম সাধনা সার্থক বলে গণ্য হবে। আর আল্লাহভীতিই মুমিন জীবনে সাফল্যের মাপকাঠি। কেননা আল্লাহ বলেছেন, 'নিশ্চয়ই তোমাদের মধ্যে আল্লাহর কাছে সেই বেশি সম্মানিত যে বেশি আল্লাহভীরু।' (সুরা : হুজরাত, আয়াত : ১৩)

৩. মসজিদে গিয়ে নামাজ আদায় : সমাজের অনেকে রমজান মাসে মসজিদে গিয়ে জামাতের সঙ্গে নামাজ আদায় করেন এবং রমজানের পর মসজিদের সঙ্গে সম্পর্ক রাখে না- এটি নিন্দনীয়। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'যদি ঘরে নারী ও পরিবারের অন্য সদস্যরা না থাকত, তবে আমি এশার নামাজে দাঁড়াতাম এবং দুই যুবককে নির্দেশ দিতাম যারা (জামাতে অংশ না নিয়ে) ঘরে আছে তাদের পুড়িয়ে দিতে।' (মুসনাদে আহমাদ, হাদিস : ৮৭৯৬)

৪. কোরআনচর্চা অব্যাহত রাখা : রাসুলুল্লাহ (সা.) থেকে পরবর্তী যুগের সব মনীষী রমজান মাসে কোরআনচর্চা বাড়িয়ে দিলেও বছরের কোনো সময় তারা কোরআনচর্চা থেকে একেবারেই বিরত থাকতেন না। এরপর ৪৪ পৃষ্ঠায়



## কোরআনে আসমানি গ্রন্থ নিয়ে যা বলা হয়েছে

মো. আবদুল মজিদ মোল্লা

পূর্ববর্তী নবী-রাসুলদের ওপর অবতীর্ণ আসমানি গ্রন্থগুলোর প্রতি বিশ্বাস স্থাপন ছাড়া ব্যক্তির ঈমান পরিপূর্ণ হয় না। পবিত্র কোরআনে আল্লাহ পূর্ববর্তী আসমানি গ্রন্থের বর্ণনা দিয়ে তার প্রতি বিশ্বাস স্থাপনের নির্দেশ দিয়েছেন। ইরশাদ হয়েছে, 'হে মুমিনরা, তোমরা আল্লাহ, তাঁর রাসুল, তিনি যে কিতাব তাঁর রাসুলের প্রতি অবতীর্ণ করেছেন তাতে এবং যে কিতাব তিনি পূর্বে অবতীর্ণ করেছেন তাতে ঈমান আনো। এবং কেউ আল্লাহ, তাঁর ফেরেশতা, তাঁর কিতাব, তাঁর রাসুল এবং আখিরাতকে প্রত্যাখ্যান করলে সে তো ভীষণভাবে পথভ্রষ্ট হয়ে পড়বে।' (সুরা : নিসা, আয়াত : ১৩৬)

আসমানি গ্রন্থগুলোর বৈশিষ্ট্য-

পবিত্র কোরআনে পূর্ববর্তী আসমানি গ্রন্থগুলোর যেসব বৈশিষ্ট্য বর্ণিত হয়েছে তার কয়েকটি হলো :

১. হিদায়াতের ধারক-বাহক : আল্লাহ আসমানি কিতাবগুলো মানবজাতিকে সুপথ দেখাতে অবতীর্ণ করেছেন। মহান আল্লাহ বলেন, 'তিনি সত্যসহ তোমার প্রতি কিতাব অবতীর্ণ করেছেন। যা তার আগের পূর্ববর্তী কিতাবের সমর্থক। আর তিনি অবতীর্ণ করেছিলেন তাওরাত ও ইনজিল। ইতিপূর্বে মানবজাতির সৎপথ প্রদর্শনের জন্য।' (সুরা : এরপর ২৮ পৃষ্ঠায়

## ইসলামে সময়ের গুরুত্ব



হাফেজ মাহমুদুল হক হাসান

মানবজাতির জন্য আল্লাহ প্রদত্ত নিয়ামতসমূহের মধ্যে অন্যতম একটি হচ্ছে সময়। মানবজীবনে সময়ের গুরুত্ব অপরিসীম। সময়ের গুরুত্ব বোঝাতে মহান আল্লাহ তায়ালা পবিত্র কুরআনের বিভিন্ন স্থানে বয়ান পেশ করেছেন। একাধিক স্থানে তিনি রাত-দিন, দিন-রাতের কসম করেছেন। যেমন আল্লাহ তায়ালা বলেন- 'শপথ রাতের যখন তা আচ্ছন্ন করে। শপথ দিনের যখন তা উদ্ভাসিত করে' (সুরা লাইল: ১-২)। আল্লাহ তায়ালা পবিত্র কুরআনের অন্যত্র ইরশাদ করেন- 'শপথ ফজরের, শপথ ১০ রাতের' (সুরা ফাজর: ১-২)।

ইসলামের সব কর্মপদ্ধতিতে সময়ের মূল্য লক্ষণীয় পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে- 'আল্লাহ তায়ালা মানুষকে তার কৃতকর্মের জন্য শাস্তি দিলে পৃথিবীর কোনো জীবজন্তুই তাকে রেহাই দিতেন না কিন্তু তিনি নির্দিষ্টকাল পর্যন্ত তাদের অবকাশ দিয়ে থাকেন তারপর তাদের সময় পূর্ণ হলে তারা জানতে পারবে আল্লাহ তায়ালা তার বান্দাদের প্রতি সম্যকদ্রষ্টা' (সুরা ফাতির-৪৫)। জীবনে সফলতা, নিজেদের লক্ষ্যপানে পৌঁছতে এবং পরকালে আল্লাহর প্রিয় বান্দা হতে সময়কে সঠিকভাবে কাজে লাগানোর বিকল্প নেই। লক্ষ্যহীন মানুষ সময় অপচয় করে। যাদের জীবনের লক্ষ্য আছে তারা সময়কে কাজে লাগায়। এরপর ৪৪ পৃষ্ঠায়



## যে কারণে শাওয়ালের ছয় রোজায় পুরো বছরের সওয়াব

তালহা হাসান

পবিত্র রমজান মাস ছিল মুমিনের আমলের মৌসুম। এ মাসের আমলগুলো যেন পুরো বছর অব্যাহত থাকে সেটাই এ মাসের প্রধান শিক্ষা। এর মাধ্যমে রোজার সামর্থ্যের জন্য মহান আল্লাহর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। কোরআনে রোজা রাখার নির্দেশের পরই কৃতজ্ঞতা প্রকাশের কথা এসেছে। ইরশাদ হয়েছে, 'যেন তোমাদের সৎপথে পরিচালিত করার কারণে তোমরা আল্লাহর মহিমা ঘোষণা কোরো এবং যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কোরো।' (সুরা বাকারা, আয়াত : ১৮৫)

রবের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ : কৃতজ্ঞতা প্রকাশের অন্যতম দিক হলো, আমল করা অব্যাহত রাখা। এর মধ্যে রমজানের পর শাওয়ালের ছয় রোজা রাখা গুরুত্বপূর্ণ আমল। রাসুলুল্লাহ (সা.) এ রোজা রাখতেন এবং সাহাবাদের তা রাখার নির্দেশ দিতেন। আবু আইউব আনসারি (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) ইরশাদ করেন, যে ব্যক্তি রমজানে রোজা রাখবে এবং পরবর্তী সময়ে শাওয়ালের ছয় রোজা এরপর ৩৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — এপ্রিল-২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | ৫:০০ | ৬:১৯ | ১২:৫৬ | ৫:৩৮ | ৭:৩৪ | ০৮:৫৪ |
| ১৪ | ৪:৫৮ | ৬:১৮ | ১২:৫৬ | ৫:৩৮ | ৭:৩৫ | ০৮:৫৫ |
| ১৫ | ৪:৫৬ | ৬:১৬ | ১২:৫৬ | ৫:৩৯ | ৭:৩৬ | ০৮:৫৬ |
| ১৬ | ৪:৫৪ | ৬:১৫ | ১২:৫৬ | ৫:৪০ | ৭:৩৭ | ০৮:৫৮ |
| ১৭ | ৪:৫৩ | ৬:১৩ | ১২:৫৫ | ৫:৪০ | ৭:৩৮ | ০৮:৫৯ |
| ১৮ | ৪:৫১ | ৬:১২ | ১২:৫৫ | ৫:৪১ | ৭:৩৯ | ০৯:০০ |
| ১৯ | ৪:৪৯ | ৬:১০ | ১২:৫৫ | ৫:৪২ | ৭:৪০ | ০৯:০২ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)




বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
আমরা IATA অনুমোদিত
আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
Mohammad B Hossain (Belal)
President & CEO
SAUDI ARABIAN AIRLINES
আমাদের কাছে পাবেন ওমরাহ প্যাকেজ
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
মক্কা ও মদিনায় আমাদের
আছে অভিজ্ঞ মোয়াল্লেম
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।
উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM-10PM
*Terms & Condition may apply. See store for details.



*Former President Donald Trump testifies as he takes the stand on Thursday in New York, in this courtroom sketch.*

# Trump poses unique challenges for jury in his hush-money trial

**Ajkal Report**

Three months ago, Donald Trump took the stand before a jury of nine in a New York courtroom without his typical bombast or ranting. The former president's complaints about the case and his sparring with the judge took place out of the jury's sight in the E. Jean Carroll defamation case, and he gave quick, scripted testimony lasting about three minutes.

The following day, however, Trump found a way to protest the trial with the jury's eyes on him, storming out during the closing argument delivered by Carroll's lawyer. "The record will reflect that Mr. Trump just rose and walked out of the courtroom," Judge Lewis Kaplan announced, in case any jurors had missed it.

That same afternoon, the jury returned an $83.3 million verdict against Trump for defaming Carroll — a massive figure that the columnist's attorneys attribute in part to Trump's protest.

"I think it hurt him terribly," Carroll attorney Roberta Kaplan told CNN's Anderson Cooper at the time of Trump's stunt. "I mean, our whole case was about the fact that Donald Trump is unable to follow the law, unable to follow the rules. He thinks they don't apply to him."

Beginning Monday, Trump will once again sit before a jury in New York, this time with even higher stakes. The jury of 12, along with six alternates, will be chosen from hundreds of New Yorkers after an exhaustive jury selection process that could stretch beyond the first week of the trial.

Former US President Donald Trump attends a hearing to determine the date of his trial for allegedly covering up hush money payments linked to extramarital affairs, at Manhattan Criminal Court in New York City on March 25, 2024. Trump faces twin legal crises today in New York, where he could see the possible seizure of his storied properties over a massive fine as he separately fights to delay a criminal trial even further. Choosing a jury will be no easy task when the defendant is a former president who has been at the center of the US political world for nearly 10 years now and a figure in the New York tabloids going back decades.

The hush-money case is the first of four criminal trials Trump will potentially face — and potentially the only one before the 2024 election, even as Trump has campaigned in part on fusing his legal peril with his bid for the White House.

The presumptive Republican 2024 nominee will have plenty of incentive to make an impression on both the jury deciding his guilt or innocence and the broader public, whose opinion of the first criminal trial of a former president in US history could be a determining factor in whether Trump is reelected in November.



*Cops are looking for a three-man crew who allegedly robbed a cell phone store in Jackson Heights at gunpoint late last month before driving off in a gray SUV with no license plates. Photos courtesy of the NYPD*

# Three men sought in armed heist at a Jackson Heights

## Bangladeshi Cell phone store robbery

**● NYPD Statement**

**Shah Nawaz**

Police from the 115th Precinct in Jackson Heights are still looking for three armed robbers who targeted a cell phone store near Roosevelt Avenue late last month, making off with $15,000 in cash and clearing the shelves and display cases of merchandise. A 40-year-old man was working behind the counter of the United Wireless store located at 37-56 74th St. on the night of Saturday, Mar. 30, when three strangers walked in at around 8:30 p.m. and displayed a firearm before tying up the employee, police said. The perpetrators forcibly removed $15,000 from the cash register and approximately 100 cell phones and electronic watches. The three crooks ran out of the shop and fled northbound on 74th Street in a gray SUV. The victim suffered minor injuries and was transported to Elmhurst Hospital, where he was listed in stable condition. The NYPD released a surveillance video on Wednesday that showed the ringleader approaching the store and another security guard. The camera inside the shop captured him casing the store before his accomplices joined him. He wore a black hooded Adidas sweatshirt, black sweatpants, a dark baseball cap and a black face covering. The second suspect wore a black hoodie, a black baseball cap and a black face covering.



*Jamaica gang member Sean Brown was sentenced Wednesday to three decades in prison for the fatal shooting of 14-year-old Aamir Brown on a Baisley Park Houses basketball court in October 2019.*

# Jamaica gang member sentenced to 30 years

## For fatal mistaken-identity shooting of 14-year-old

**Ajkal Report**

Jamaica gang member Sean Brown was sentenced to 30 years in prison on Wednesday for gunning down 14-year-old Aamir Griffin on a South Jamaica basketball court in a mistaken-identity shooting at the Baisley Park Houses in 2019. Brown, 21, of 153rd Street, pleaded guilty last month at the Queens Supreme Court to manslaughter, conspiracy, and criminal possession of a weapon. According to the charges, on the night of Oct. 26, 2019, Griffin was playing basketball at the Baisley Park Houses playground at around 8:00 p.m. From nearby Foch Boulevard, reputed Money World gaming member Brown mistook him for a rival gang member and fired three shots from a .380 caliber handgun. One bullet penetrated Griffin's upper chest and pierced both his lungs. Griffin was rushed by EMS to Jamaica Hospital and died a short time later. Brown was one of 33 reputed gang members who were charged in March 2023, in what was framed as the largest gang takedown in the history of the Queens DA's Office, a wide-ranging 151-count indictment variously charging the defendants with conspiracy, murder, and other crimes.




# Shakib Khan's 'Rajkumar' secures highest 127 halls, 'Omar' second

**● Entertainment**

**Ajkal Entertainment**

The unprecedented lineup of 13 films slated for release this Eid-ul-Fitr has been buzzing, setting the stage for a potential record in the Bangladeshi film industry. Amid concerns over the prevailing industry and hall allocation challenges, it was speculated that several of these films might withdraw from the scheduled release. Contrary to these speculations, only two films, "Deadbody" and "Potu," have been pulled from the lineup. Instead, this Eid promises to set records with the highest number of film releases in recent memory. As the nation celebrates Eid today, a total of 11 films will grace the screens including superstar Shakib Khan's "Rajkumar", "Kajol Rekha", "Omar", "Deyaler Desh", "Jibon-2", "Ahare Jibon", "Lipstick", "Sonar Char," "Green Card", "Maya: The Love," and "Meghna Konnyaa." According to Bangladesh Film Producers and Distributors Association, "Rajkumar," starring Shakib Khan, is expected to release in 127 single and multiplex theaters, setting a record. Shariful Razz's "Omar" secured the second-highest number of theaters, with a release planned in 21 venues. Among them, 13 are single and eight are multiplex theaters. "Kajol Rekha" will only be released in seven multiplex theaters. The hall owners' decision not to release the film in its storyline premise, Mymensingh, is facing significant backlash from the audiences. For decades, Eid has been synonymous with Shakib Khan's films. It's a well-established tradition that his movies would dominate the market during Eid. This time is no exception. Through the film "Rajkumar," Dhaka's "Nawab" has secured a staggering 127 screenings, surpassing all others by a significant margin. Sharing the list of screenings, Shakib Khan addressed his devoted audience, stating, "I always strive so that you all can enjoy Eid movies with your families, relatives, friends, and loved ones. Additionally, I try to represent my country and Bengali cinema with dignity worldwide through my work. With your boundless love, 'Rajkumar' will be screened in Bangladesh and worldwide during this Eid season. I carry forward with your affection and blessings." On the other hand, "Meghna Konnya" featuring Nawshaba Ahmed, will only hit the screens in five multiplex theatres. Zayed Khan's "Sonar Char" will be released in seven halls, both single and multiplex. "Ahare Jibon" will premiere in five multiplexes. After a long hiatus, Ferdous and Purnima reunite for this film. "Green Card", directed by Kazi Maruf, will hit screens in five halls, both single and multiplex. Additionally, "Jibon-2", featuring newcomer Suprovat, will premiere in six multiplex theaters.

# Queens shooter opens fire on man during bodega argument



**Abubakar Siddique**

Police in Queens are looking for the shooter who opened fire on a man during an argument at a bodega on Friday afternoon. Law enforcement sources said the assault occurred at about 5:20 p.m. on April 5 inside the One Stop Convenience Store at 145-18 243rd St. in Rosedale.

According to police, the suspect became embroiled in a verbal dispute with the victim, a 49-year-old man, for reasons that were not disclosed. The words eventually turned physical, cops said, when the perpetrator pulled out a gun and took aim at his foe, shooting him in the arm.

The wounded victim then attempted to flee the store, and cops said the suspect fired again, but missed. After pulling the trigger, the perpetrator fled the scene in an unknown direction.

The incident was reported to the 105th Precinct. EMS rushed the victim to Jamaica Hospital, where he was listed in stable condition.

On Saturday, the NYPD released an image of the shooter. Police describe him as a man with a dark complexion, a medium build and black hair who was last seen wearing a waist-length black jacket over a tan jogging suit and white sneakers.

Anyone with information regarding his whereabouts can call Crime Stoppers at 800-577-TIPS (for Spanish, dial 888-57-PISTA).

You can also submit tips online at crimestoppers.nypdonline.org, or on X (the platform formerly known as Twitter) @NYPDTips. All calls and messages are kept confidential.



*Guns seized from fare evaders in subways. The NYPD say they cuffed two fare evaders in a pair of separate incidents Wednesday who were caught bringing firearms into the New York City Subway system.*

# Armed fare evaders busted in Brooklyn for bringing guns into subways

**● NYPD Statement**

**Mohammad Hasanuzzaman**

Two more fare evaders who allegedly packed heat while illegally entering the New York City subway system found themselves behind bars Wednesday, police reported. The latest collars come at a time when the NYPD has stepped up its efforts to stop fare evasion in an effort to keep transit crime low, and restore a sense of safety for commuters. "Who says fare evasion enforcement doesn't help create a safer subway system? Not us, that's for sure!" Chief Of Transit Michael Kemper wrote on X (the platform formerly known as Twitter) regarding the arrests. According to police sources, the first arrest took place at Brooklyn's Broadway Junction station at around 2:38 p.m. on April 10, when a 16-year-old boy was spotted by cops jumping the turnstile.

Upon stopping the teen, authorities say, the youth gave them a false name. They then found in his possession a 9-millimeter, loaded and defaced Ruger handgun. The youth, whose identity was not released, was charged with criminal possession of a weapon, theft of service, and unlawful possession of an ammo feeding device. Just hours later, cops in Harlem approached a man who entered the Lenox Avenue and West 111 Street station through the emergency gate at around 5:25 p.m. on April 10. Apparently known to police as a repeat offender, 30-year-old Jahkim Wright was placed in handcuffs and was discovered with a loaded Ruger LCP 380 caliber in his front hoodie pocket.



*Manhattan District Attorney Alvin Bragg*

# Man charged for shoving his girlfriend in front of a Lower Manhattan train cutting off her legs

**Hasanuzzaman Saki**

The man who shoved his girlfriend into an oncoming Manhattan train last month, mutilating her legs, has been indicted on attempted murder charges the Manhattan District Attorney's office announced Thursday. Christian Valdez, 35, made headlines on March 9 when police say he allegedly shoved his 29-year-old girlfriend on the roadbed of the Fulton Street Station at around 12:20 a.m. The pair had apparently been arguing over which train they were going to catch while standing on the platform of 2 and 3 lines when Valdez became engaged and pushed his girlfriend into the path of a downtown train. According to court documents, Valdez fled the scene, but eyewitnesses called 911. First responders arrived at the scene to discover the victim under the train. After a rescue, she was rushed to Bellevue Hospital where both of her legs were amputated, and she suffered fractured ribs and a blot clot in her lungs. Valdez reportedly fled to New Jersey but was ultimately arrested mere hours later when he tried to return to the city wearing the same clothing he had been seen in during the near-deadly shove. On April 11, a New York State Supreme Court indicted Valdez on one count of Attempted Murder in the Second Degree and one count of Assault in the First Degree. "As alleged, Christian Valdez callously threw his girlfriend into an oncoming train," District Attorney Alvin Bragg said.



# Shakib to celebrate Eid with his family in New York for the first time

## Bangladesh cricketers wish fans on social media

**● Sports**

**Ajkal Sports**

As there is no national duty right now or IPL schedule, Shakib Al Hasan decided to spend Eid-ul-Fitr with his family in New York at his second home for the first time. Recently he bought a house at Long Island.

Meanwhile, several members of the Bangladesh cricket team took to social media to wish their fans 'Eid Mubarak' on the joyous occasion of Eid-ul-Fitr today.

This year, the national team cricketers are getting to spend Eid-ul-Fitr with their family and loved ones, which is not the case every year.

Often, the cricketers are caught up in the busy schedule of international cricket and have to spend the day thousands of miles away from home, But this year, the Eid holiday fell between international engagements for the Tigers and most of them took this opportunity to head back to their ancestral homes and spend the day with close ones.

Many cricketers shared a glimpse of their Eid celebrations for fans on social media. Here is a look at some of the posts shared on the occasion by them.





30 Years of Excellence!

KT KHAN'S TUTORIAL

# RAMADAN SALE

## Up To 55% OFF

**NY State Exam Prep**
Grades 3-6

**NYC Specialized High School Admissions**
Grades 7-8

**Regents, SAT, College Admissions Guidance**
High School

### Visit Us Now!

**Jackson Heights:**
37th Ave & 74th St.

**Astoria:**
30th Ave & Crescent St.

**Jamaica:**
Wexford Terr & 177 St.

**Brooklyn:**
Chruch & McDonald Ave

**Bronx:**
Westchester Ave & Doris St.

**Ozone Park:**
101 Ave & 86th St.

**Bellerose - Long Island:**
Hillside Ave & 258 St.

**New York City - Flatiron:**
5th Ave & 23rd St.

**Call Now at 718-938-9451 or Visit KhansTutorial.com**


দেশ এবং প্রবাসের সবাইকে
ঈদ মোবারক ও বাংলা নববর্ষের শুভেচ্ছা
GOLDEN AGE
HOME CARE
SHAH NAWAZ MBA
President & CEO
Ph: 718-775-7852
PRESENTS
BOISHAKI UTSHOB
GRAND SPONSOR
রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
NURUL AZIM
516-451-3748
Eastern Investment
POWERED BY
rivertel
বৈশাখী উৎসব
১৪৩১
সৌজন্যে :
Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী
917-282-9256
বৈশাখী উৎসব উদ্বোধন করবেন বিশিষ্ট ব্যবসায়ী
এবং দোয়ার উপজেলা সমিতির সম্মানিত
সভাপতি জনাব দুলাল বেহেদু
SUNDAY 14TH APRIL
AT 2 PM TO 11 PM
THE MARY LOUIS ACADEMY
176-21 WEXFORD TERRACE, JAMAICA, NY 11432
ORGANIZED BY
SHOWTIME MUSIC
MEDIA PARTNERS
ঠিকানা
CHANNEL i
Rtv
TIME television
IB TV USA
নিউইয়র্ক সময়
NRBC.tv
FOR MORE INFORMATION 646 546 6038

সাপ্তাহিক আজকাল
◆ শুক্রবার ◆ ১২ এপ্রিল ২০২৪

শুভ নববর্ষ

১৪৩১ বিশেষ আয়োজন



## একান্ত ব্রত

### বেনজির শিকদার

যত্নে জমানো মন্ত্রধন-
কালঘুণে খায়।
তুমি ডাকাত হয়ে এসো,
বহুকাল আমি লুট হবার অপেক্ষায়।

কত ফাগুন এলো গেল কত কত দিন গড়ালো
আঁধার হারালো আঁধারের বুকে
তুমি আলো হাতে ত্রাণ হয়ে এসো-
বহুকাল আমি মরে আছি অতুল অসুখে!

তুমি বৃক্ষের সোহাগী পাতা হও
পাখির আদুরে গান গাও!
তুমি মরমে এসো মরমি হয়ে
তুমি আমার মরুনদে জল হয়ে বয়ে যাও!

তুমি তীব্র শিহরণে মিশে যাও শ্বাসে
তুমি ঝড় হয়ে এসে আমাকে দখলে নাও
দরিয়ায় তুফান উঠুক, কলকল ঢেউ
তুমি খুঁটে খুঁটে আমার বেদনাগুলো খাও!

তুমি ছুঁয়ে ছুঁয়ে দেখে যাও-
ত্বকের ভাঁজে ভাঁজে প্রাগৈতিহাসিক ছায়া।
তুমি নিঠুর পৃথিবীর ঘূর্ণনচক্র তুলে
আমাকে দিয়ে যাও মহাকালীন মায়া!

তুমি আমাকে শিশিরের মতো জড়িয়ে রাখো
আমাকে তুলে ধরো মৃত্তিকার মমতায়।
তুমি সমুদ্র হয়ে আমার চোখে জল ঢেলে দাও
আমি কাঁদতে চাই, তোমার সুতীব্র ভালোবাসায়!

তুমি বেদনা হয়ে এসো, রেখে যেও ক্ষত
তোমাকে ধারণ করাই একজীবনের ব্রত!

লেখক: কবি, নিউইয়র্ক।

# পাবনা, স্মৃতিময় পাবনা



### মনজুর আহমদ

কতদিনে তৈরি হয় একটি স্মৃতি? এর জন্য যদি নিম্নতম কোন মেয়াদ থাকে তবে আগেই বলে নিই তেমন স্মৃতি আমার পাবনা নিয়ে নেই। সেই কবে, বিগত শতকের ষাটের দশকে আমি একা একা পাবনা গিয়েছিলাম। একা একা বলছি এই জন্য যে, তারও আগে আমি যখন স্কুলের মাঝামাঝি পর্যায়ের ছাত্র তখন প্রথম একবার আমার পাবনা সফর। সালটা যতদূর মনে পড়ে ১৯৫৫ কি '৫৬। সেবার গিয়েছিলাম স্কুল থেকে দলেবলে স্কাউট জাম্বুরিতে। তখন প্রতি বছর স্কাউট জাম্বুরি হোত পালাক্রমে এক এক জেলা সদরে। তখনকার সারা পূর্ব পাকিস্তানের বিভিন্ন স্কুলের স্কাউটরা এতে যোগ দিত। সেবার জাম্বুরি হয়েছিল পাবনায়।

কোথায় তা মনে নেই, তবে এখনও চোখে ভাসে শহরের ভেতরেই কোন এক খোলা জায়গায় আমাদেও তাঁবু পড়েছিল। ময়দানের সঙ্গেই ছিল ঘাট বাঁধানো পুকুর আর ছিল বেশ বড় একটা ভবন। সেই পুকুরে আমরা গোসল করতাম। তখন দেখেছিলাম পূর্ব পাকিস্তান স্কাউটসের দুই বড় কর্মকর্তা, সাদা চামড়ার মিস্টার বিভার আর শ্মশ্রুধারী জনাব আব্বাসীকে। তিন দিনের কর্মসূচির কিছুই মনে নেই, শুধু মনে আছে একদিন সকালে আমাদের সবাইকে মার্চ করিয়ে নিয়ে যাওয়া হয়েছিল একটি কবরস্থানে, যেখানে সমাহিত ছিলেন আর একজন সাদা চামড়ার স্কাউটার, যিনি নাকি পাবনায় আগের কোন এক জাম্বুরিতে এসে মারা গিয়েছিলেন। কবরস্থানের একবারে পেছন দিকের দেয়াল ঘেঁষা তার বাঁধানো কবরটি আমরা প্রদক্ষিণ করেছিলাম।



সেবার এসেছিলাম স্কুল থেকে দলেবলে জাম্বুরিতে, এবার এলাম একা পাবনায় আয়োজিত দেশের বিভিন্ন স্থানে কর্মরত মফস্বল সাংবাদিকদের সম্মেলনে। সেটিই ছিল মফস্বল সাংবাদিকদের জাতীয় ভিত্তিক প্রথম কোন সম্মেলন। সালটা ছিল ১৯৬১। আমি ১৯৫৬ সাল থেকে দৈনিক সংবাদ-এর ঝিনাইদহ সংবাদদাতা হিসেবে কর্মরত ছিলাম। এরই মধ্যে ১৯৫৯-এ ম্যাট্রিক পাশ করে খুলনার দৌলতপুর বিএল কলেজে দু'বছর আইএ পড়ে পরীক্ষা দিয়ে দিয়েছি। পরীক্ষার ফল বেরোবার আগেই ঝিনাইদহের পাট চুকিয়ে ঢাকাতে থিতু হওয়ার জন্য বেরিয়ে পড়েছিলাম। পথে নেমেছিলাম পাবনায় মফস্বল সাংবাদিকদেও এই প্রথম জাতীয় সম্মেলনে যোগ দিতে। তখন পাবনায় রেল যোগাযোগ ছিল না। পাবনায় রেল তো একেবারেই সাম্প্রতিক ব্যাপার। যুগ যুগ ধরে পাবনায় যাওয়া-আসার ব্যবস্থা ছিল ঈশ্বরদী হয়ে। ঈশ্বরদীই ছিল পাবনায় যাওয়ার প্রবেশদ্বার। ট্রেনে ঈশ্বরদী, সেখান থেকে বাসে পাবনা। বাস মানে বলে দেয়ার প্রয়োজন নেই যে আজকের আধুনিক বাস নয়। পুরনো আমলের সেই বাসের চেহারা আজকে কেউ কল্পনাও করতে পারবে না। এ ধরনের বাসকে এক কথায় বলা হোত 'মুড়ির টিন'। যাত্রী বেশি হয়ে গেলে বাসের মেঝেতে ছোট ছোট টুল পেতে বসতে দেয়া হতো। ভাবতে অবাক লাগে, বহু খ্যাতনামা দেশ বিখ্যাত বিশিষ্ট ব্যক্তিদের বসবাস ছিল পাবনায়। তারাও কি এমনই বাসে করেই ট্রেন ধরার জন্য ঈশ্বরদী যাওয়া-আসা করতেন? আহা, মহানায়িকা সুচিত্রা সেন! তিনিও নিশ্চয় কলকাতা বা পাবনার বাইরে কোথাও যেতে হলে এই বাসে করেই ঈশ্বরদী পর্যন্ত যাতায়াত করতেন।

তো, এই বাসে চেপেই সন্ধ্যার আগেভাগে এসে নামলাম পাবনায়। রিকশা নিয়ে পৌঁছালাম তখনকার পাবনা প্রেস ক্লাবের সভাপতি আজিজুল হকের বাসায়। তাকে আমার চেনার কথা নয়। আমি চিনতাম রণেশ মৈত্রকে। তিনিই ছিলেন মূলত এই সম্মেলনের প্রাণপুরুষ। তাকে আমি চিনতাম আগে থেকেই। তিনি ছিলেন পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের নেতা, কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি। একবার যশোরে এসেছিলেন যশোর জেলা ছাত্র ইউনিয়ন সম্মেলনে প্রধান অতিথি হয়ে। তখনই তার সাথে পরিচয়। রণেশ দা'কে পেয়ে গেলাম এই বাসাতেই। তিনি সেখানে উপস্থিত সবার সঙ্গে আমাকে পরিচয় করিয়ে দিলেন। তার কাছে তখনই জানলাম বিশেষ কারণে সম্মেলনের তারিখ একদিন পিছিয়ে গেছে। তারপর আমাকে রিকশায় তুলে নিয়ে রওনা দিলেন কোন একটা স্কুল ভবনের দিকে। সেখানেই আমাদের থাকার ব্যবস্থা হয়েছিল।

গিয়ে দেখলাম মাত্র দু'জন তখনও পর্যন্ত এসেছেন। একজন খদ্দরধারী, এই মুহূর্তে নাম মনে করতে পারছি না, এসেছিলেন মাদারিপুর কিংবা শরিয়তপুর থেকে। আর একজন শামসুদ্দিন টগর, পরবর্তীতে চলচ্চিত্র পরিচালক হিসেবে খ্যাতিমান। এরা তাদেও নিজ এলাকা থেকে ঢাকার দৈনিক পত্রিকাগুলিতে খবর পাঠাতেন। স্কুলের একই ঘরের মেঝেতে আমাদের তিনজনের বিছানা। আমাকে নামিয়ে দিয়ে রণেশ দা চলে গিয়েছিলেন। আমি তৈরি হচ্ছিলাম সন্ধ্যা গাঢ় হবার আগেই শহরটায় একটা চক্কর দেয়ার জন্য। এরই মধ্যে হাজির হলেন আবদুল মতিন। আমি চিনতাম না। নিজেই পরিচয় দিলেন। সাহিত্য-সংস্কৃতি জগতের মানুষ। সাংবাদিকতা করেন, ছাত্র রাজনীতিতে নেতৃস্থানীয় ছিলেন। পরে জেনেছিলাম তিনি পাবনায় ছোট মতিন নামে

↘ এরপর ২৮ পৃষ্ঠায়



## ঈদ মানে আনন্দ



